নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সোমবার
রেজিঃ নং-চ-৫১৩
২ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯০
১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

জাটকা ইলিশ আহরণে ৮ মাসের নিষেধাজ্ঞা শুরু

দিগন্ত ডেস্ক

ইলিশের উৎপাদন বৃদ্ধি ও টেকসই সংরক্ষণ নিশ্চিত করতে আজ মধ্যরাত থেকে সাগর ও নদীতে শুরু হচ্ছে জাটকা আহরণে নিষেধাজ্ঞা। আগামী বছরের ৩০ জুন পর্যন্ত চলবে এই ৮ মাস মেয়াদি নিষেধাজ্ঞা। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এবং মৎস্য অধিদপ্তরের বাস্তবায়নে এ নিষেধাজ্ঞার আওতায় ২৫ সেন্টিমিটারের ছোট ইলিশ (জাটকা) আহরণ, পরিবহন, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও মজুত সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।এর আগে ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ইলিশের প্রধান প্রজনন মৌসুমে প্রজননক্ষম ইলিশ রক্ষায় 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬' বাস্তবায়ন করা হয়। এসময় ডিমওয়ালা ইলিশ থেকে নিঃসৃত ডিমের পরিস্ফুটনের মাধ্যমে উৎপাদিত ইলিশের পোনা তার বয়সের একটি নির্দিষ্ট সময় (৫-৮ মাস) পর্যন্ত দেশের উপকূলীয় নদ-নদী ও মোহনাসমূহে বিচরণ
● ৩-এর পাতায় দেখুন

গভীর রাতে বিদ্যুৎ বিভাগের অভিযান

হাজীগঞ্জ-কচুয়া-শাহরাস্তিতে অবৈধ সংযোগ বিচ্ছিন্ন



বিদ্যুৎ বিভাগের অভিযানে হাজীগঞ্জ-কচুয়া-শাহরাস্তিতে অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

বিশেষ প্রতিনিধি

অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধ এবং সরকারি নির্দেশনা বাস্তবায়নে বিশেষ নৈশ অভিযান পরিচালনা করছে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১। এরই ধারাবাহিকতায় সমিতির আওতাধীন হাজীগঞ্জ, কচুয়া ও শাহরাস্তি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। অবৈধ বিদ্যুৎ ব্যবহার বন্ধ না হওয়া পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১-এর উদ্যোগে পরিচালিত এসব অভিযানে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার ও বিদ্যুৎ-সংক্রান্ত অনিয়ম প্রতিরোধে গুরুত্ব দেওয়া হচ্ছে। অভিযানের মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থায় শৃঙ্খলা বজায় রাখা এবং বৈধ গ্রাহকদের
● ৩-এর পাতায় দেখুন

গার্মেন্টস শিল্পে চলমান অস্থিরতা খুবই উদ্বেগজনক : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

দেশের প্রধান রপ্তানি খাত তৈরি পোশাক (গার্মেন্টস) শিল্পে বিরাজমান অস্থিরতাকে খুবই উদ্বেগজনক আখ্যা দিয়ে এ খাতের মালিক ও শ্রমিক–উভয় পক্ষকে বাঁচাতে সরকারকে দ্রুত টেকসই পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। একই সঙ্গে তিনি সতর্ক করে বলেছেন, এ ক্ষেত্রে যেকোনো ব্যর্থতা দেশের ভঙ্গুর অর্থনীতিকে চূড়ান্ত ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাবে।
রোববার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বিবৃতিতে জামায়াত আমির এ উদ্বেগের কথা জানান।
ডা. শফিকুর রহমান বলেন, দেশের প্রধান রপ্তানি খাত গার্মেন্টস শিল্প বর্তমানে এক অত্যন্ত কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সরকারের ব্যর্থতা, জ্বালানির চড়া
● ৩-এর পাতায় দেখুন



চাঁদপুরে জাতীয় যুব দিবস ২০২৬ উপলক্ষে চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিকের নেতৃত্বে র‍্যালি।

চাঁদপুরে যুব দিবসে র‍্যালি, আলোচনা, সম্মাননা স্মারক ও সনদপত্র বিতরণ

আমাদের দেশ যুবকদের দেশ, যুবকরা এ দেশকে এগিয়ে নিয়ে যাবে

-----শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

জাতীয় যুব দিবস ২০২৬ উপলক্ষে চাঁদপুরে র‍্যালি, আলোচনা সভা, যুব ঋনের চেক বিতরণ, যুব সংগঠকদের সম্মাননা স্মারক ও সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
রোববার (১ নভেম্বর) সকাল ১১টায় চাঁদপুর যুব ভবনে প্রধান অতিথি হিসেবে বেলুন ও শান্তির প্রতীক পায়রা অবমুক্ত করার মাধ্যমে সপ্তাহব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। প্রধান অতিথির বক্তব্যে চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, ১৯৭৮ সালের যুব উন্নয়নের পথচলা শুরু হয়। মেজর জেনারেল জিয়াউর রহমান এই যুব উন্নয়ন প্রতিষ্ঠা করেন। এই যুব উন্নয়নের মূল লক্ষ্য ছিল বেকারত্ব দূরিকরনে আত্মনির্ভরশীল হওয়া। আমি নিজে একজন ব্যবসায়ী, আমি অনেক ব্যবসার সাথে জড়িত। আমি যুব উন্নয়নের প্রশিক্ষণ গ্রহণ করিনি তবে, মৎস্য ও গরু-ছাগল পালনে যুব উন্নয়নের পরামর্শ নিয়ে থাকি। যুব উন্নয়ন থেকে
● ৩-এর পাতায় দেখুন



পৌর ছাত্রলীগ নেতা মাহিম আহমেদ প্রান্ত।

হাজীগঞ্জ পৌর ছাত্রলীগ নেতা মাহিম গ্রেপ্তার

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে কিশোর গ্যাংবিরোধী অভিযান চালিয়ে মাহিম আহমেদ প্রান্ত নামে পৌর ছাত্রলীগের এক নেতাকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।
শনিবার (৩১ অক্টোবর) রাতে হাজীগঞ্জের আমিন মেমোরিয়াল স্কুল সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। মাহিম আহমেদ প্রান্ত হাজীগঞ্জ পৌর ছাত্রলীগের ছাত্রবিষয়ক সম্পাদক
● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে অভিযানে গ্রেফতার ৪

গোলাম নবী খোকন

রোববার ০১ নভেম্বর জেলা পুলিশ সুপার মোঃ মিজানুর রহমানের সার্বিক দিক নির্দেশনায়, সহকারী পুলিশ সুপার মতলব সার্কেল জাবীর হুসনাইন সানীব এবং মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ মানস বড়ুয়ার তত্ত্বাবধানে মতলব উত্তর থানা এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করা
● ৩-এর পাতায় দেখুন

স্বামী কর্তৃক তালাক দেয়া স্ত্রী শিল্পী আক্তারকে

শাহরাস্তি মডেল থানা পুলিশের সহযোগিতায় পিত্রালয়ে ভাইয়ের হেফাজতে প্রেরণ

স্টাফ রিপোর্টার

শাহরাস্তি পৌরসভার শুয়াপাড়া পূর্ব, ৩নং ওয়ার্ড নিবাসী মৃত হাজী আব্দুর রশিদের বড় পুত্র মোঃ বিল্লাল হোসেন (৪৬) জানান, শিল্পী আক্তার (৪১), পিতা-মৃত- মোঃ আলী আহম্মদ, সাং- কাজিরকাপ হলবান বাড়ি, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর এর সাথে বিগত ১০/০৭/২০১৯ইং তারিখে ইসলামিক শরীয়া বিধান মতে ২,০০০০০/=(দুই লক্ষ) টাকা রেজিস্ট্রিকৃত দেনমোহর মূলে এবং ৫০,০০০ টাকা ওয়াসিলে তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয়।
বিয়ের পর হতে বিল্লাল হোসেনের স্ত্রী শিল্পী আক্তার তার ভাই মিজানুর রহমানের প্রত্যক্ষ সহযোগিতায় তাকে নিয়মিত শারীরিক, মানসিক ও আর্থিক নির্যাতন করা সহ ২০ লক্ষ টাকা যৌতুক কিংবা ১০ শতক ভূমি তাকে রেজিস্ট্রি করে দেয়ার দাবি করতে থাকে। বিভিন্ন বার শালিস দরবার হলেও শিল্পী আক্তার উক্ত অনৈতিক কর্ম হইতে বিরত থাকেনি। যার কারণে তিনি বাধ্য হয়ে গত ২৮/১০/২০২৬ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার সময় বিজ্ঞ নোটারি পাবলিকের কার্যালয় চাঁদপুরে
● ৩-এর পাতায় দেখুন



নির্বাহী বিভাগ থেকে ম্যাজিস্ট্রেসি পৃথকীকরণের ১৯ বছর পূর্তি উপলক্ষে চাঁদপুরে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন নারী ও শিশু ট্রাইব্যুনালের বিচারক তাসনীম জোহরা।

চাঁদপুরে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণের ১৯ বছর পূর্তি উদযাপন

শহর প্রতিনিধি

চাঁদপুরে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণের ১৯ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১ নভেম্বর) বিকেলে চাঁদপুর জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মুজাহিদুর রহমান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চাঁদপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক তাসনীম জোহরা। প্রধান অতিথির বক্তব্যে তাসনীম জোহরা বলেন, বিচার বিভাগ জনগণের অধিকার ও নিরাপত্তা লাভের শেষ আশ্রয়স্থল। বিচারপ্রার্থীদের আস্থার জায়গা হিসেবে বিচার বিভাগকে প্রতিষ্ঠিত করতে বিচারক ও আইনজীবীদের সততা ও নিষ্ঠার সঙ্গে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে। পাশাপাশি দ্রুত বিরোধ নিষ্পত্তির জন্য সবাইকে সচেষ্ট থাকতে হবে। সভাপতির বক্তব্যে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মুজাহিদুর রহমান বলেন, আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা ছাড়া একটি সভ্য, গণতান্ত্রিক ও কল্যাণমূলক রাষ্ট্র নির্মাণ
● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে অবৈধভাবে মাটি কাটায় ৫০ হাজার টাকা জরিমানা

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলায় বিনানুমতিতে অবৈধভাবে ড্রেজার ব্যবহার করে মাটি কাটার দায়ে এক ব্যক্তিকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।
রোববার (১ নভেম্বর) উপজেলার চরপোড়ামুখী এলাকায় উপজেলা নির্বাহী অফিসার নজরুল ইসলাম এই মোবাইল কোর্ট পরিচালনা করেন। এ সময় অবৈধভাবে ড্রেজার দিয়ে মাটি কাটার অভিযোগের সত্যতা পাওয়া যায়। অভিযুক্ত ব্যক্তি বিল্লাল হোসেন বেপারী অপরাধ স্বীকার করায় তাঁকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী ৫০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।উপজেলায় অবৈধভাবে মাটি কাটা ও ড্রেজারের ব্যবহার বন্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।
এসময় উপস্থিত ছিলেন ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা ও থানা পুলিশের সদস্যগণ।



চার হাজার ইয়াবাসহ আটককৃত দুই ব্যক্তি।

চাঁদপুরে রডভর্তি ট্রাক থেকে ৪ হাজার ইয়াবা জব্দ, আটক ২

শহর প্রতিনিধি

চাঁদপুরে মাদকবিরোধী অভিযানে প্রায় চার হাজার ইয়াবাসহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার ভোরে পৌর এলাকার ওয়ারলেস বাজার মোড়ে স্টার হোটেল অ্যান্ড রেস্টুরেন্টের সামনে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয় বলে চাঁদপুর সদর মডেল থানার ওসি ফয়েজ আহমেদ জানান। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন- জামাল হোসেন (৪২) ও নিজাম উদ্দিন (৩০)। তাদের স্থায়ী বাড়ি ভোলা জেলার দৌলতখান উপজেলায়। তবে তারা চট্টগ্রামের সদরঘাট থানা এলাকায় বসবাস
● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জ ফাউন্ডেশনের নতুন কমিটি গঠন

সভাপতি মোশাররফ হোসেন লিটন, সম্পাদক বিল্লাল হোসেন পাটওয়ারী

স্টাফ রিপোর্টার



অধ্যাপক মোশাররফ হোসেন লিটন ডানে, মো. বিল্লাল হোসেন পাটওয়ারী বামে।

চাঁদপুরস্থ ফরিদগঞ্জ ফাউন্ডেশনের তিন বছর মেয়াদী নতুন কমিটি গঠন করা হয়েছে। শনিবার (৩১ অক্টোবর) রাতে শহরের বিপনীবাগ একটি সমিতি কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে নতুন কমিটির নাম ঘোষণা করেন নির্বাচন কমিশনের দায়িত্বে থাকা ফাউন্ডেশনের সাবেক সভাপতি হাফেজ আহমেদ। নতুন এই কমিটির সভাপতি হলেন-অধ্যাপক মোশাররফ হোসেন লিটন, সহ-সভাপতি মো. দেলোয়ার হোসেন, জসিম উদ্দিন শেখ, মো. মুনির চৌধুরী, মোহাম্মদ শফিকুর রহমান মিজি, অধ্যাপক
● ৩-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
২ নভেম্বর ২০২৬
সোমবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন



আন্দোলনরত শ্রমিকদের কাজে ফেরার আহ্বান শ্রমমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক

পোশাকশিল্পের শ্রমিকদের জন্য নতুন ন্যূনতম মজুরি বোর্ড গঠনের ঘোষণা দিয়ে আন্দোলনরত শ্রমিকদের কাজে ফেরার আহ্বান জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। তিনি বলেছেন, শ্রমিকদের দীর্ঘদিনের দাবি ও অধিকারের বিষয়টি সরকার 'সর্বোচ্চ গুরুত্ব দিয়ে' বিবেচনা করছে বলেই পোশাকশিল্পের শ্রমিকদের জন্য নতুন ন্যূনতম মজুরি বোর্ড গঠন হয়েছে। ন্যূনতম বেতন ৩০ হাজার টাকা করার দাবিতে গত কয়েক দিন ধরেই রাজধানীতে শ্রমিক অসন্তোষ চলছে। রোববারও ঢাকার মিরপুর এলাকায় পোশাক শ্রমিকদের অবরোধের মধ্যে পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। মিরপুরে অবরোধ চলার মধ্যেই সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ন্যূনতম মজুরি বোর্ড এবং পোশাক শিল্প খাতের শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণের জন্য আলাদা বোর্ড গঠনের ঘোষণা দেন শ্রমমন্ত্রী।
মন্ত্রী বলেন, "দাবি ছিল তাদের মজুরি বোর্ড, আজকে তাদের মজুরি বোর্ড গঠন করা হল। তাদের দেওয়া প্রতিনিধিত্বকারী সদস্যকে নিয়ে তো বোর্ড গঠন করা হল। এখন তারা আশা করি রাস্তা ছেড়ে তাদের কলকাখানায় যোগদান করবে।" ন্যূনতম মজুরি বোর্ডের চেয়ারম্যানের দায়িত্বে রয়েছেন সিনিয়র জেলা জজ শেখ আশফাকুর রহমান। মালিকপক্ষের প্রতিনিধি হিসেবে বোর্ডের সদস্য হয়েছেন বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের যুগ্ম-মহাসচিব আসিফ আইয়ুব। আর বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসাইন শ্রমিকপক্ষের প্রতিনিধি। আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক মোসলেহ উদ্দিন আহমদকে বোর্ডের নিরপেক্ষ সদস্য করা হয়েছে। এছাড়া
● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর এলজিইডি ভবন পরিদর্শন করলেন এমপি শেখ ফরিদ আহম্মেদ মানিক

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) চলমান উন্নয়নকাজের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে খোঁজখবর নিতে এলজিইডি কার্যালয় পরিদর্শন করেছেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।
রোববার (১ নভেম্বর) দুপুর সাড়ে ১২টায় তিনি চাঁদপুর এলজিইডি ভবনে গিয়ে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, কাজের গুণগত মান ও বাস্তবায়ন পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন।
এমপি শেখ ফরিদ আহম্মেদ মানিক এলজিইডি ভবনে পৌঁছালে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান চাঁদপুর এলজিইডির নির্বাহী প্রকৌশলী মো. নুরুজ্জামান।
এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা এলজিইডির প্রকৌশলী মো. রাহাত আমিন পাটওয়ারী, চাঁদপুর এলজিইডির সহকারী প্রকৌশলী মো. তাহসিনুল হোসেন মুকুল ও উপ-সহকারী প্রকৌশলী মো. শাহাজাহান আরমগীর।
এমপি শেখ ফরিদ আহম্মেদ মানিকের সঙ্গে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী ও ফেরদৌস আলম বাবু, জেলা
● ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে চোরাই মোটরসাইকেলসহ যুবক গ্রেপ্তার

শাহরাস্তি প্রতিনিধি



চোরাই মোটরসাইকেলসহ আটককৃত যুবক ইমরান।

শাহরাস্তিতে মোটরসাইকেল চুরি মামলার এজাহারনামীয় আসামি ইমরান হোসেনকে (৩৬) গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তাঁর দখল থেকে চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়।
রোববার (১ নভেম্বর) শাহরাস্তি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর মাহবুবুর রহমানের নির্দেশনায় থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করে। অভিযানে নেতৃত্ব দেন উপপরিদর্শক (এসআই) শমসেদ হোসেন।
পুলিশ জানায়, গ্রেপ্তার ইমরান হোসেনের বাড়ি ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার শেখদি মাদ্রাসা রোড এলাকায়। তাঁর বাবার নাম সিরাজ আলী এবং মায়ের নাম জরিনা বেগম।
মোটরসাইকেল চুরির ঘটনায় শাহরাস্তি মডেল থানায় দায়ের করা এফআইআর নং-২৭, তারিখ ৩১ অক্টোবর ২০২৬; জিআর নং-৩৪৩ এবং দণ্ডবিধির ৩৭৯ ধারার মামলায় তিনি
● ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে চুরির মামলায় যুবক গ্রেপ্তার

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে চুরির মামলায় রাসেল প্রকাশ কেবলা (২৪) নামে এক যুবককে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।
রোববার (১ নভেম্বর) শাহরাস্তি থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তার রাসেল শাহরাস্তি উপজেলার শ্রীপুর গ্রামের সুলতান মিজি বাড়ির সায়েদ আলী ও ফিরোজা বেগমের ছেলে।
পুলিশ সূত্রে জানা যায়, শাহরাস্তি মডেল থানার এফআইআর নং-৩৮, তারিখ ২৯ আগস্ট ২০২৬ এবং জিআর নং-২৮১-এর একটি চুরির মামলার তদন্তে সন্দেহভাজন
● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ বাজারে বিদ্যুৎ লাইনের খুঁটি স্থানান্তরে

আজ থেকে ১০ ঘণ্টা বন্ধ থাকবে বিদ্যুৎ সরবরাহ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ বাজারে রাস্তা সম্প্রসারণের কাজের সুবিধার্থে বৈদ্যুতিক খুঁটি স্থানান্তর করা হবে। এ কারণে আগামী ২ নভেম্বর (সোমবার) থেকে প্রতিদিন সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত টানা ১০ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১-এর হাজীগঞ্জ সদর দপ্তর থেকে ১ নভেম্বর ২০২৬ তারিখে জারি করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, কুমিল্লা-চাঁদপুর সড়কের হাজীগঞ্জ বাজারে রাস্তা সম্প্রসারণের কাজ চলমান থাকায় রাস্তার
● ৩-এর পাতায় দেখুন

শ্রমিক অসন্তোষে ৫২৯ পোশাক কারখানায় ছুটি ঘোষণা

দিগন্ত ডেস্ক

চলমান শ্রমিক অসন্তোষের কারণে দেশের বিভিন্ন শিল্পাঞ্চলে ৫২৯টি পোশাক কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে। একই সময়ে কাজ না করে কারখানা থেকে বেরিয়ে গেছেন ৯ লাখ ৮৭ হাজার ১৯০ জন শ্রমিক। তৈরি পোশাক শিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সূত্রে এ তথ্য জানিয়েছে। তথ্য অনুযায়ী, রোববার বেলা সাড়ে ৩টা পর্যন্ত দেশের পাঁচটি শিল্পাঞ্চলের ২ হাজার ১৩৪টি কারখানার মধ্যে খোলা ছিল ১ হাজার ৮১৬টি। বিজিএমইএর তথ্য বলছে, ডিএমপি এলাকার
● ৩-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
সোমবার ২ নভেম্বর ২০২৬, ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২১ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300



চাঁদপুর পৌরসভার অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে চেক বিতরণ করছেন প্রধান অতিথি চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক।

অবসরকালীন বকেয়া পেল চাঁদপুর পৌরসভার ২৪ কর্মকর্তা-কর্মচারী

শহর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভার অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের দীর্ঘদিনের বকেয়া আনুতোষিক (গ্র্যাচুইটি) পরিশোধ করা হয়েছে। রবিবার (১ নভেম্বর) বিকালে পৌর পাঠাগারে আয়োজিত অনুষ্ঠানে ২৪ জন অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর হাতে মোট ২ কোটি ২১ লাখ ৬৬ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়।
চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক। এ সময় তিনি বলেন, অনেক দিন পর হলেও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীরা তাদের প্রাপ্য অর্থ পেয়েছেন। ভবিষ্যতে অবসরপ্রাপ্তদের জন্য প্রতি মাসে যে অর্থ কর্তন করা হয়, তা যেন নির্ধারিত সময়ে পরিশোধ করা হয়, সে বিষয়ে পৌর প্রশাসককে প্রয়োজনীয় ব্যবস্থা ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে জাতীয় যুব দিবসের র‍্যালি ও আলোচনা সভা

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে জাতীয় যুব দিবস উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রোববার (১ নভেম্বর) সকালে হাজীগঞ্জ উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভায় মিলিত হয়।
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ইবনে আল জায়েদ হোসেন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজীগঞ্জ উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এম এ রহিম পাটোয়ারী, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মিস নিছা, হাজীগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি খালেকুজ্জামান শামীম, উপজেলা কৃষক দলের সভাপতি নজরুল ইসলাম প্রমুখ। বক্তব্য রাখেন
● ২-এর পাতায় দেখুন



হাজীগঞ্জে জাতীয় যুব দিবস উপলক্ষে ঋণের চেক বিতরণ করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ইবনে আল জায়েদ হোসেন।

কচুয়ায় জাতীয় যুব দিবস উদযাপিত

কচুয়া প্রতিনিধি

বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও যুব ঋণের চেক বিতরণের মধ্য দিয়ে কচুয়া উপজেলায় যথাযথ মর্যাদায় 'জাতীয় যুব দিবস ২০২৬' উদ্যাপন করা হয়েছে। রোববার দুপুরে উপজেলা প্রশাসন এবং উপজেলা যুব



কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়ের নেতৃত্বে জাতীয় যুব দিবসে বর্ণাঢ্য র‍্যালি।

উন্নয়নের যৌথ উদ্যোগে উপজেলা হলরুমে এই কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায় ও উপজেলা সমবায় সমিতির সহকারী সাখাওয়াত হোসেনের সঞ্চালনায় স্বাগতম বক্তব্য রাখেন, কচুয়া উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সৈয়দ ফেরদৌস আহম্মদ। জানা যায়, অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আর্থিক সহায়তা ও স্বীকৃতি প্রদান। প্রশিক্ষণ পরবর্তী গবাদি পশু (গরু) এবং হাঁস-মুরগি পালনের জন্য ৫ জন উদ্যোক্তাকে জনপ্রতি ১ লক্ষ টাকা করে মোট ৫ লক্ষ টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়। এছাড়াও যুব উন্নয়নে বিশেষ অবদান ● ২-এর পাতায় দেখুন

হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভারপ্রাপ্ত ফার্মাসিস্ট কর্তৃক রোগীকে মারধরের অভিযোগ

স্টাফ রিপোর্টার

হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাসেবা নিতে আসা এক সাধারণ রোগী লিলুপা বেগম কে মারধর ও হেনস্তা করার অভিযোগ উঠেছে। এই ঘটনার বিবরণ সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ভাইরাল হলেও



রহস্যজনকভাবে নীরব ভূমিকা পালন করছে হাসপাতাল কর্তৃপক্ষ। ভুক্তভোগী লিলুফা চাঁদপুর সিভিল সার্জন বরাবর একখানা অভিযোগ দায়ের করেন। ঘটনার সত্যতা যাচাই করে দ্রুত ব্যবস্থা না নেওয়ায় স্থানীয় সাধারণ জনগণ ও গণমাধ্যমকর্মীদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে।
স্থানীয় সূত্রে জানা গেছে, গত ১৫ অক্টোবর ২০২৬, বৃহস্পতিবার সকাল আনুমানিক ১০টা থেকে ১১টার মধ্যে হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতরে এক নারী
● ২-এর পাতায় দেখুন



যুব সংগঠনের মাঝে অনুদানের চেক বিতরণ করছেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.নজরুল ইসলাম।

হাইমচরে জাতীয় যুব দিবস উদযাপন

হাইমচর প্রতিনিধি

'দক্ষ যুব গড়বে দেশ, সবার জন্য বাংলাদেশ'–এ প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরের হাইমচরে জাতীয় যুব দিবস-২০২৬ উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে যুব র‍্যালি, অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন, আলোচনা সভা, যুবঋণ ও যুব সংগঠনের মাঝে অনুদানের চেক এবং গাছের চারা বিতরণ করা হয়। রোববার ১ নভেম্বর সকাল ১০টায় উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.নজরুল ইসলাম। তিনি বলেন, 'দেশের উন্নয়ন ও অগ্রগতিতে ● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তরে যুব দিবসে চেক হস্তান্তর করছেন উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনি

মতলব উত্তরে জাতীয় যুব দিবসে র‍্যালী


মতলব উত্তর প্রতিনিধি

দক্ষ যুব গড়বে দেশ, সবার জন্য বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরের মতলব উত্তরে জাতীয় যুব দিবস ২০২৬ উপলক্ষে যুবসমাবেশ ,যুবর‍্যালী, আলোচনা সভা ও যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে রোববার (১ নভেম্বর) সকালে উপজেলা যুব উন্নয়ন ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে সাবেক সেনা কর্মকর্তা ও বিএনপি নেতা আব্দুর রহমান মিয়াজীর ইন্তেকাল

শহর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক তিনবারের সাধারণ সম্পাদক ও সাবেক সেনা



কর্মকর্তা আব্দুর রহমান মিয়াজী (৬০) আর নেই। অসুস্থ অবস্থায় অ্যাম্বুলেন্সযোগে ঢাকায় নেওয়ার পথে তিনি ইন্তেকাল করেছেন।
তিনি চাঁদপুর শহরের পুরান বাজার এলাকার আব্দুল গফুর মিয়াজী বাড়ির বাসিন্দা ছিলেন। পারিবারিক
● ২-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে জাতীয় যুব দিবস পালিত

মতলব দক্ষিণ প্রতিনিধি

দক্ষ যুব গড়বে দেশ সবার জন্য বাংলাদেশ' এই প্রতিপাদ্য নিয়ে মতলব দক্ষিণ উপজেলায় জাতীয় যুব দিবস উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার (১ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি যুব র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে যুব দিবস উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা, পুরস্কার ও চেক বিতরণ করা
● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর হাসান আলী মডেল সপ্রাবির বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুর হাসান আলী মডেল সপ্রাবির বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

সন্তানদের নৈতিক শিক্ষা, শিষ্টাচার, মানবিকতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করুন

-----শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

চাঁদপুর হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ এ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১ নভেম্বর) সকাল ১০টায় বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।
তিনি তার বক্তব্যে বলেন, তোমরাই আমাদের আগামী দিনের ভবিষ্যৎ। আজকের এই বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্য থেকেই আগামী দিনের রাষ্ট্রনায়ক, রাজনীতিবিদ, বিজ্ঞানী, চিকিৎসক, প্রকৌশলী, উদ্যোক্তা ও বিশ্বমানের নেতৃত্ব তৈরি হবে। এই ● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তর নারী উদ্যোক্তা সম্মেলন ও সম্মাননা অনুষ্ঠানে নারী উদ্যোক্তার হাতে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ।

নারী উদ্যোক্তা সম্মেলনে সম্মাননা পেলেন ৭৫ নারী

গোলাম নবী খোকন

নিজেদের মেধা, শ্রম ও উদ্যোগে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়ে ওঠা নারীদের স্বীকৃতি ও উৎসাহ দিতে অনুষ্ঠিত হয়েছে নারী উদ্যোক্তা সম্মেলন ও সম্মাননা অনুষ্ঠান। এতে দেশের বিভিন্ন প্রান্তের ৭৫ জন নারী উদ্যোক্তাকে সম্মাননা প্রদান করা হয়েছে। পাশাপাশি চারজন অসচ্ছল নারী উদ্যোক্তার হাতে তুলে দেয়া হয়েছে সেলাই মেশিন।
রবিবার (১ নভেম্বর) বিকেলে রাজধানীর হোটেল মৌরী অডিটোরিয়ামে মতলব উত্তর নারী উদ্যোক্তা সোসাইটির আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন অনুষ্ঠান নির্মাতা ড. জাকিয়া সুলতানা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় কারিগর ও শিল্প শ্রমিক ফেডারেশনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবুল হোসেন। মতলব উত্তর নারী উদ্যোক্তা সোসাইটির সভাপতি শামীমা কবীরের সভাপতিত্বে এবং নারী উদ্যোক্তা সৈয়দা শামীমা সুলতানা হ্যাপির সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক রোমেনা পারভীন, সহ-সভাপতি শামীমা আক্তার কুসুম, মেলা পরিচালক মাহফুজা আক্তার, মনোয়ারা বেগম পলি ও ফাহিমা সুলতানা পারভীন।
অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে সফলতা ও অবদান রাখায় দেশের ৭৫ জন নারী উদ্যোক্তাকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। একই সঙ্গে আর্থিকভাবে অসচ্ছল চারজন নারী উদ্যোক্তাকে স্বাবলম্বী হওয়ার সুযোগ তৈরিতে সেলাই মেশিন উপহার দেয়া হয়।
আয়োজকরা জানান, নারীরা শুধু পরিবারের দায়িত্ব পালনে সীমাবদ্ধ নন, নিজেদের দক্ষতা, সৃজনশীলতা ও পরিশ্রমের মাধ্যমে অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। তাদের উদ্যোগের স্বীকৃতি প্রদান, নতুন উদ্যোক্তা তৈরি এবং অসচ্ছল নারীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যেই এ আয়োজন। এ ধরনের উদ্যোগ নারীদের ● ২-এর পাতায় দেখুন



জাতীয় যুব দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে যুব ঋণের চেক বিতরণ করছেন শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুন।

শাহরাস্তিতে জাতীয় যুব দিবস উদযাপন

সাইফুদ্দীন

শাহরাস্তিতে জাতীয় যুব দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে আলোচনা সভা, সনদপত্র ও যুব ঋণের চেক বিতরণ অনুষ্ঠিত হয়েছে। রোববার (১ নভেম্বর) সকাল ১১টায় উপজেলা অডিটোরিয়ামে উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুনের সভাপতিত্বে ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে গাঁজাসহ যুবক গ্রেপ্তার

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে মাদকবিরোধী অভিযান চালিয়ে ৩০ গ্রাম গাঁজাসহ তারেক (২৭) নামে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার (৩১ অক্টোবর) শাহরাস্তি উপজেলার সূচীপাড়া উত্তর ইউনিয়নের হাড়াইরপাড় এলাকার চৌকিদার বাড়িতে শাহাব উদ্দিনের ভাড়া বাসায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।
শাহরাস্তি মডেল থানা পুলিশের প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমানের তত্ত্বাবধানে উপপরিদর্শক (এসআই) মো.
● ২-এর পাতায় দেখুন

ট্রাইব্যুনালে 'বস্তায় বস্তায় লেনদেনের' মন্তব্য, এবি পার্টির ফুয়াদকে তলব

নিজস্ব প্রতিবেদক

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে 'বস্তায় বস্তায় লেনদেন' হচ্ছে বলে মন্তব্য করার ঘটনায় আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদকে আদালত অবমাননার অভিযোগে তলব করা হয়েছে। বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ রোববার স্বপ্রণোদিত হয়ে এ আদেশ দেয়।
ট্রাইব্যুনালের প্রসিকিউটর গাজী এম এইচ তামিম সাংবাদিকদের জানান, আগামী ৪ নভেম্বর ফুয়াদকে ট্রাইব্যুনালে হাজির হয়ে নিজের বক্তব্যের ব্যাখ্যা দিতে বলা হয়েছে।
● ২-এর পাতায় দেখুন



হাইমচরে জ্ঞানের আলো সংগঠনের উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ।

হাইমচরে জ্ঞানের আলো সংগঠনের শিক্ষা উপকরণ বিতরণ

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার দুর্গম চরাঞ্চলে শিক্ষার্থীদের পড়াশোনায় উৎসাহিত করতে শিক্ষা উপকরণ বিতরণ করেছে জ্ঞানের আলো সংগঠন। পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা দেয়ার লক্ষ্যে এ কর্মসূচির আয়োজন করা হয়। রবিবার (১ নভেম্বর) হাইমচরের মিয়ার বাজার এলাকায় অবস্থিত ৬৮নং ইব্রাহিম মৃর্ধার কান্দি ● ২-এর পাতায় দেখুন

জামায়াত নেতা আখতারুজ্জামানের হাই কোর্টে জামিন

নিজস্ব প্রতিবেদক

ঢাকার শাহজালাল বিমানবন্দরের নির্বাহী পরিচালক (ইডি) হুমকি ও নিরাপত্তা সুপারভাইজারকে মারধরের মামলায় জামায়াতে ইসলামীর নেতা অবসরপ্রাপ্ত মেজর মোহাম্মদ আখতারুজ্জামান রঞ্জনকে জামিন দিয়েছে হাই কোর্ট। রোববার শুনানি নিয়ে এ আদেশ দেন বিচারপতি কে এম জাহিদ সারওয়ার নেতৃত্বাধীন বেঞ্চ।
আদেশের পর আসামিপক্ষের আইনজীবী মোহাম্মদ শিশির মনির বলেন, "অপরাধের যে ধারাগুলো দেওয়া হয়েছে, তার একটি বাদে বাকি সবগুলোই ছিল জামিনযোগ্য। "উনার বয়স ৭৩ বছর, তিনি দুইবার সংসদ সদস্য ছিলেন এবং একজন বীর মুক্তিযোদ্ধা। এসব কিছু বিবেচনা করে মাননীয় হাই কোর্ট বিভাগ তাকে অন্তর্বর্তীকালীন জামিন মঞ্জুর করেছেন।" গত ২ অক্টোবর ঢাকার ক্যান্টনমেন্ট এলাকার বাসা থেকে আখতারুজ্জামান রঞ্জনকে গ্রেপ্তার করে ডিবি পুলিশ।
এর আগের দিন সকালে মদিনা থেকে আসা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটে আসা ওমরাহ
● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ — ২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা, রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিস্ট্রার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*,
যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত,
সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
সোমবার ॥ ২ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

মাদক পরীক্ষা ছাড়াই সাজা
স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত করুন

মাদক গ্রহণের অভিযোগে ৮৫ জনকে কারাদণ্ড দেওয়া হলো, অথচ তাঁরা মাদক গ্রহণ করেছিলেন কি না, সেই পরীক্ষাই করা হয়নি। ঢাকার ভাটারায় পুলিশের এক অতিরিক্ত ডিআইজির ভাড়া দেওয়া বাড়িতে অভিযান চালিয়ে আটক ব্যক্তিদের এভাবে সাজা দেওয়ার ঘটনায় ন্যায়বিচারের মৌলিক শর্তগুলো লঙ্ঘনের গুরুতর প্রশ্ন তুলেছে।
প্রতিবেদন অনুযায়ী, ১৯ অক্টোবর দিবাগত রাতে বাড়িটিতে অভিযান চালায় ডিবি। আটক ২৬ নারীকে ১৫ দিন করে এবং পুরুষদের এক মাস করে কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত। তাঁদের জরিমানাও করা হয়। সাজাপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে অনুষ্ঠানে বাদ্যযন্ত্র বাজানোর কাজ নিয়ে যাওয়া একজন শিল্পীও রয়েছেন বলে তাঁর বাবা জানিয়েছেন।
সবচেয়ে উদ্বেগজনক হলো, মাদক পরীক্ষা না করার বিষয়টি সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটও স্বীকার করেছেন। তাঁর বক্তব্য, আসামিরা দোষ স্বীকার করায় সাজা দেওয়া হয়েছে। অন্যদিকে স্বজনদের অভিযোগ, মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়ার কথা বলে কাগজে সই নেওয়া হয়েছিল। এই পরস্পরবিরোধী বক্তব্যের নিষ্পত্তি প্রয়োজন।

হাজীগঞ্জে জাতীয় যুব দিবসের

হাজীগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মেহেদী হাছান পাপ্পু, সাবেক সাধারণ সম্পাদক এনায়েত মজুমদার।
আলোচনা সভায় বক্তারা যুবসমাজকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলা, কর্মসংস্থান সৃষ্টি, আত্মকর্মসংস্থান এবং দেশ গঠনে যুবকদের ইতিবাচক ভূমিকা রাখার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি যুবকদের মাদক ও সামাজিক অবক্ষয় থেকে দূরে থেকে নিজেদের যোগ্যতা ও দক্ষতা বিকাশে এগিয়ে আসার আহ্বান জানান।

অবসরকালীন বকেয়া পেল

নেওয়ার অনুরোধ জানান তিনি।
শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, অবসর জীবনে প্রাপ্ত অর্থ দিয়ে সবার আগে নিজেদের দেনা পরিশোধ ও চিকিৎসার ব্যবস্থা করতে হবে। আমরা সবাই দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে চাই। যারা দুর্নীতি করবে, তাদের কোনো ছাড় দেওয়া হবে না। চাঁদপুর পৌরসভাকে একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হবে। পৌরসভার বিভিন্ন প্রকল্পে কত টাকা ব্যয় হয়, তা সবার জানা। যারা ৩০ কোটি টাকা বকেয়া রেখে গেছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।
চাঁদপুর পৌরসভার প্রশাসক দেবাশীষ চৌধুরীর সভাপতিত্বে এবং নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূর আজম শরীফের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি আক্তার হোসেন মাঝি, প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী ও পৌর কর্মচারী সংসদের সভাপতি মো. মফিজ উদ্দিন হাওলাদার।
বকেয়া পেয়ে অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী সামছুদ্দোহা এবং পৌর হাফেজ মাহমুদা উচ্চবিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক কাজী সুরাইয়া বেগম তাদের অনুভূতি প্রকাশ করেন। এ সময় জেলা বিএনপির সহসভাপতি খলিলুর রহমান গাজী ও ফেরদৌস আলম বাবু, পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা মো. আরিফ মহিউদ্দিন চৌধুরীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মতলব উত্তরে জাতীয়

কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে র‍্যালী শেষে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভা ও ঋণের চেক বিতরণ করা হয়েছে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তারিক মাহমুদ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ও যুবঋণের চেক বিতরণ করেন উপজেলা নির্বাহী অফিসার মাহমুদা কুলসুম মনি ?
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা সমবায় কর্মকর্তা ফারুক হোসেন?
আরো বক্তব্য রাখেন, উপজেলা যুব উন্নয়নের সহকারী কর্মকর্তা মোবারক হোসেন, সফল আত্নকর্মি রাবেয়া আক্তার, তাসপিয়া বেগম ও আল- আমিন প্রমুখ ? আলোচনা শেষে ৬ জনের মাঝে ১ লক্ষ্য টাকা করে মোট ৬ লক্ষ্য

হারিয়েছে

আমি নিম্নস্বাক্ষরকারী মোহাম্মদ ছালেহ আহমদ (৫৩), পিতা: আঃ নঃ মোহাম্মদ সোলায়মান, মাতা সুফিয়া বেগম, জাতীয় পরিচয় পত্র নং: ৯৫৫৪৭৯৬০৭৯। আমার নামীয় নিম্নেবর্ণিত সার্টিফিকেটসহ অন্যান্য কাগজপত্র হারিয়েছে। এস.এস.সি পরীক্ষার মূল মার্কশীট শিক্ষা বোর্ড: কুমিল্লা, রোল নম্বর: ৭৬৮৫৮, রেজিস্ট্রেশন নম্বর: ৯১৬১৬, সেশন: ১৯৮৭-১৯৮৮, পাশের সন: ১৯৮৯ খ্রি. ২. এইচ.এস.সি পরীক্ষার মূল মার্কশীট, শিক্ষা বোর্ড: কুমিল্লা, রোল নম্বর: ৫৬৫৪৩, রেজিস্ট্রেশন নম্বর: ৩৪৪১৭, সেশন: ১৯৮৯-১৯৯০ পাশের সন: ১৯৯১খ্রি। মতলব দক্ষিণ থানা জিডি নং: ৩৫, তারিখ: ০১/১১/২০২৬।-*মোহাম্মদ ছালেহ আহমদ*





টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয় ?
এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষিকর্মকর্তা ফয়সাল মোহাম্মদ আলী, মতলব উত্তর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক মুরাদ বেপারী, শ্রমিকদলের সাংগঠনিক সম্পাদক মোঃ সুজন প্রধান, গজরা ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলাম,পৌরছাত্রদলের আহবায়ক মো. শাখিল খান, সদস্য সচিব ফরহাদ হোসেনসহ সফল উদ্যোক্তা ও বিভিন্ন যুব উদ্যোক্তা ও বিভিন্ন শ্রেণি-পেশার ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চাঁদপুরে সাবেক সেনা

সূত্রে জানা গেছে, আগামী ২ নভেম্বর ২০২৬, সোমবার সকাল ১০টায় মরহুমের নিজ বাড়িতে জানাজার নামাজ অনুষ্ঠিত হবে। তাঁর মৃত্যুতে পরিবার, আত্মীয়স্বজন, রাজনৈতিক সহকর্মী ও শুভাকাঙ্ক্ষীদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

মতলব দক্ষিণে জাতীয়

হয়। উপজেলা যুব উন্নয়ন অফিসার মোঃ মহসিন আলমের সভাপতিত্বে এবং উপজেলা যুবদলের আহ্বায়ক মুজাহিদুল ইসলাম কিরণ এর পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মতলব দক্ষিণ উপজেলা বিএনপি'র সভাপতি ও মতলব পৌরসভার সাবেক মেয়র এনামুল হক বাদল।
অনুষ্ঠানে যুব উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন বিষয়ে যুব উন্নয়নের প্রশিক্ষণপ্রাপ্ত ১৩ জনকে সাড়ে ১৩ লক্ষ টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়।

কচুয়ায় জাতীয় যুব দিবস

ও সফলতার স্বীকৃতিস্বরূপ ৩ জন উদ্যোক্তাকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। পাশাপাশি প্রশিক্ষণ সম্পন্নকারী ৫ জন যুবকের মাঝে সফলতার সনদপত্র বিতরণ করা হয়।

হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের

রোগীকে ফ্লোরে ধাক্কা দিয়ে ফেলে দিয়ে মারধরের ঘটনা ঘটে।
ভারপ্রাপ্ত ফার্মাসিস্ট মোহাম্মদ উল্লাহ এর নাম উঠে আসলে ভুক্তভোগী ও প্রত্যক্ষদর্শীদের অনেকেই বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে সোচ্চার হলে তা দ্রুত ভাইরাল হয়।
একাধিক সাংবাদিক ও সাধারণ মানুষের অভিযোগ, সরকারি হাসপাতালে এমন অনিয়ম, কর্মকর্তা-কর্মচারীদের দাম্ভিকতা এবং প্রভাব খাটিয়ে সাধারণ রোগীদের হয়রানির ঘটনা দিন দিন বাড়ছে। এই ঘটনাটি ধামাচাপা দেয়ার চেষ্টা চলছে বলে মনে করছেন স্থানীয়রা।
সাংবাদিকদের দাবি, ঘটনার দিন (১৫ অক্টোবর ২০২৬) সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত হাসপাতালের সিসিটিভি (ঈঈঞঠ) ফুটেজ চেক করলেই প্রকৃত সত্য এবং দোষীদের মুখোশ উন্মোচিত হবে। কিন্তু হাসপাতাল কর্তৃপক্ষ এই নির্দিষ্ট সময়ের সিসিটিভি ফুটেজ পরীক্ষা করতে বা তা প্রকাশ করতে অনীহা দেখাচ্ছে, যা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছে।
সচেতন মহলের মতে, সিসিটিভি ফুটেজ দেখে যদি অনতিবিলম্বে দোষীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা না নেয়া হয়, তবে সরকারি হাসপাতালে সাধারণ মানুষের হয়রানি ও হেনস্তার শিকার হওয়ার প্রবণতা কোনোভাবেই কমবে না। সাধারণ মানুষ ও সাংবাদিকরা অবিলম্বে এই মারধরের ঘটনার সুষ্ঠু তদন্ত এবং সিসিটিভি ফুটেজ জনসমক্ষে এনে অপরাধীদের শাস্তির দাবি জানিয়েছেন।

হাইমচরে জাতীয় যুব

যুবসমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। দক্ষতা অর্জনের মাধ্যমে যুবকদের নিজেদের কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে হবে। প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে একটি দক্ষ ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। এ ক্ষেত্রে যুবসমাজকে ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তিনি।'
অনুষ্ঠানে যুব উন্নয়ন কর্মকর্তা আজহারুল ইসলামের সভাপতিত্বে ও উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মাহবুব রশীদ এর পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মো.শাকিল খন্দকার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সার্জিয়া আফরিন, উপজেলা একাডেমিক সুপারভাইজার মুহাম্মদ আহসানুল হক এবং থানা পুলিশ পরিদর্শক এসআই গোলাম মোস্তফা।
এ সময় স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ,যুব সংগঠক, সফল আত্মকর্মী, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে যুবকদের আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা কার্যক্রমে উৎসাহিত করতে যুবঋণের চেক,যুব সংগঠনের মাঝে অনুদানের চেক এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছের চারা বিতরণ করা হয়। পাশাপাশি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

সন্তানদের নৈতিক শিক্ষা,

শিক্ষার্থীদের মধ্য থেকেই আগামী দিনের তারেক রহমান তৈরি হবে।
তিনি আরো বলেন, মেয়েদের মধ্য থেকেও আগামীর বিল গেটসের মতো সফল উদ্যোক্তা ও উদ্ভাবক তৈরি হবে। আমরা চাই, তোমরা শুধু ভালো ফলাফল নয়, ভালো মানুষ হিসেবেও নিজেদের গড়ে তুলবে।
তিনি বলেন, আমি আজ একটি বিষয় পরিষ্কারভাবে বলতে চাই- একটি বিদ্যালয়ের দায়িত্ব শুধু প্রধান শিক্ষক বা শিক্ষকদের একার নয়। এই প্রতিষ্ঠানের সার্বিক দায়িত্ব বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, গভর্নিং বডি এবং সংশ্লিষ্ট সবার। সবাইকে নিজ নিজ দায়িত্ব সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করতে হবে।
তিনি বলেন, আমি বিশেষভাবে বলতে চাই, বিদ্যালয়ের মাঠ শিক্ষার্থীদের খেলাধুলা, শরীরচর্চা ও মানসিক বিকাশের জন্য। এই মাঠ কোনোভাবেই অন্য কোনো অননুমোদিত কাজে ব্যবহার করতে দেয়া হবে না। কেউ যদি বিদ্যালয়ের মাঠ অন্য কাজে ব্যবহার করতে আসে, তাহলে শিক্ষক, গভর্নিং বডি, অভিভাবক ও সংশ্লিষ্ট সবাইকে নিয়মতান্ত্রিকভাবে তা প্রতিহত করতে হবে। শিক্ষার্থীদের অধিকার ও বিদ্যালয়ের পরিবেশ রক্ষায় আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে।
তিনি অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, আপনাদের সন্তানদের ভালো ফলাফল শুধু তাদের নিজেদের অর্জন নয়, এটি বাবা-মায়ের মুখে হাসি ফোটায়, পরিবারের সম্মান বৃদ্ধি করে। একজন সন্তান যখন ভালো ফলাফল করে, তখন সবচেয়ে বেশি গর্বিত হন তার বাবা-মা। তাই সন্তানদের পড়াশোনার পাশাপাশি নৈতিক শিক্ষা, শিষ্টাচার, মানবিকতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করুন।
শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, একজন শিক্ষক শুধু পাঠ্যবইয়ের শিক্ষা দেন না, তিনি একটি জাতির ভবিষ্যৎ নির্মাণ করেন। আপনাদের আন্তরিকতা, সততা ও নিষ্ঠার ওপর নির্ভর করছে আগামী প্রজন্মের সাফল্য। তাই শিক্ষার্থীদের প্রতি যত্নশীল হোন। দুর্বল শিক্ষার্থীদের পাশে দাঁড়ান। তাদের প্রতিভা বিকাশের সুযোগ তৈরি করুন।
পরিশেষে, এই বিদ্যালয়ের উত্তরোত্তর সাফল্য কামনা করছি। শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করছি।
চাঁদপুর হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি আক্তার হোসেন মাঝির সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মুহাম্মদ মোছাদ্দেক হোসেন।
চাঁদপুর হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সৈয়দ মো. নুরুজ্জামান কাজলের পরিচালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন চাঁদপুর হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আইনুন নাহার।
অনুষ্ঠানে শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন ৪র্থ শ্রণীর ছাত্র যায়িদউল হাসান ও গীতা থেকে পাঠ করেন ৫ম শ্রেণীর অবনিশ জাগরী। এরপর জাতীয় সংগীত পরিবেশন হয়।
এসময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিম, সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু সাইদ চৌধুরী, জেলা

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাটলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

বিএনপি সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবু, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য মো. জাকির হোসেন, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান কমিটির আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারীসহ আরো অনেক।
উল্লেখ্য, চাঁদপুর হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ সালের ৬২ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদে মাঝে সংবর্ধনা ক্রেস্ট তুলে দেন প্রধান অতিথি চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিকসহ অতিথিরা।

হাইমচরে জ্ঞানের আলো

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এ সময় বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাতে শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জ্ঞানের আলো সংগঠনের প্রতিষ্ঠাতা তুহিনুর রহমান শাহ আলম, সহ-সেক্রেটারি উজ্জ্বল মোল্লা, প্রতিষ্ঠাতা কমিটির অন্যতম সদস্য, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।
শিক্ষা উপকরণ বিতরণকালে সংগঠনের প্রতিষ্ঠাতা তুহিনুর রহমান শাহ আলম বলেন, চরাঞ্চলের শিক্ষার্থীরা যেন শিক্ষার সুযোগ থেকে পিছিয়ে না থাকে, সে লক্ষ্যেই জ্ঞানের আলো সংগঠনের এ উদ্যোগ। শিক্ষার্থীদের পড়াশোনায় উৎসাহিত করা এবং তাদের শিক্ষা কার্যক্রমে সহায়তা করাই এ কর্মসূচির অন্যতম উদ্দেশ্য। ভবিষ্যতেও শিক্ষার্থীদের কল্যাণে শিক্ষা সহায়তা ও বিভিন্ন মানবিক কার্যক্রম অব্যাহত রাখবে সংগঠনটি।
দুর্গম চরাঞ্চলে শিক্ষার সুযোগ সম্প্রসারণ এবং শিক্ষার্থীদের পড়াশোনায় সহায়তা প্রদানে জ্ঞানের আলো সংগঠনের এ উদ্যোগ স্থানীয় পর্যায়ে শিক্ষা সহায়তামূলক কার্যক্রমের অংশ হিসেবে নেয়া হয়েছে।

নারী উদ্যোক্তা সম্মেলনে

অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি অন্য নারীদেরও উদ্যোক্তা হতে অনুপ্রাণিত করবে বলে প্রত্যাশা সংশ্লিষ্টদের।

শাহরাস্তিতে গাঁজাসহ যুবক

নিজাম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ মাদক উদ্ধারে বিশেষ অভিযান পরিচালনা করেন। অভিযানের অংশ হিসেবে ওই ভাড়া বাসার একটি শয়নকক্ষে তল্লাশি চালিয়ে তারেককে গ্রেপ্তার করা হয়। এ সময় তাঁর হেফাজত থেকে ৩০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।
গ্রেপ্তার তারেক শাহরাস্তি উপজেলার নিজ মেহার (কালী বাড়ী) এলাকার বাসিন্দা। তাঁর পিতা শাহাব উদ্দিন এবং মাতা মাছুমা বেগম।

শাহরাস্তিতে জাতীয় যুব

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা ছিল চাঁদপুর-৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মোঃ মমিনুল হক। তবে অসুস্থতার কারণে তিনি অনুষ্ঠানে উপস্থিত হতে পারেননি।
উপজেলা যুব উন্নয়ন সহকারী কর্মকর্তা শাহাদাত হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মাহবুব উল আলম।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শামসুজ্জামান, উপজেলা বিএনপির সহ-সভাপতি শাহ মোঃ আলী, যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেন, উপজেলা যুবদলের আহ্বায়ক আলী আজগর মিয়াজি, পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক শেখ বেলায়েত হোসেন সেলিম এবং বীর মুক্তিযোদ্ধা শাহজাহান পাটওয়ারী।
এ সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী ইঞ্জিনিয়ার মাইনুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মাকসুদ আলম, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মোঃ খলিলুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা জহিরুল ইসলাম, উপজেলা সমবায় কর্মকর্তা মোতালিব হোসেন, আইসিটি কর্মকর্তা মোঃ শাহজাহান ও তথ্য কর্মকর্তা তাসলিমা আক্তার।
অনুষ্ঠানে সফল যুব সংগঠক খোরশেদ আলম ও সফল উদ্যোক্তা গিয়াস উদ্দিন বক্তব্য দেন। এছাড়া পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আমিনুল ইসলাম এবং গীতা পাঠ করেন দীপা রাণী সরকার।
অনুষ্ঠানে জাতীয় যুব দিবসের প্রতিপাদ্য 'দক্ষ যুব গড়বে দেশ, সবার জন্য বাংলাদেশ' তুলে ধরে যুবসমাজকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলা, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দেশের উন্নয়নে যুবকদের সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করা হয়।
আলোচনা সভা শেষে প্রশিক্ষণপ্রাপ্ত যুবকদের মাঝে সনদপত্র ও যুব ঋণের চেক বিতরণ করা হয়।

ট্রাইব্যুনালে 'বস্তায় বস্তায়

"এবি পার্টির একটি প্রোগ্রামে ট্রাইব্যুনালের বিচারপ্রক্রিয়া নিয়ে তিনি (ফুয়াদ) অনেক কথা বলেছেন। তার মধ্যে তিনি বলেছেন যে, 'এইখানে বস্তায় বস্তায় লেনদেন হচ্ছে'। এই কথা ট্রাইব্যুনালের নজরে এলে আদালত স্বপ্রণোদিত হয়ে তাকে তলব করে কনটেম্পট (অবমাননা) নোটিস জারি করেছে।"
গত ২৮ অক্টোবর রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে 'বছর পেরিয়ে জুলাই সনদ: প্রতিশ্রুতি বনাম বাস্তবতা' শীর্ষক এক মতবিনিময় সভায় ওই মন্তব্য করেন ফুয়াদ। সেখানে তিনি বলেন, "আইসিটির কোনো বিচারের নামও আপনারা পাবেন না এখন। এই সরকার আসার পরে, চিফ প্রসিকিউটর চেঞ্জ হওয়ার পরে। এবং দেখবেন যারা গ্রেপ্তার আছে, তাদের কারও বিচারের মামলা আগায় না। ফাঁসি হয়ে যে পলাতক, তার মামলাটার। এখানে লেনদেন হচ্ছে, কোটিতে কোটিতে লেনদেন হচ্ছে, বস্তা ভরে ভরে লেনদেন হচ্ছে।" আদালতের তলবের আদেশের পর এবি পার্টির সাধারণ সম্পাদক ফুয়াদের বক্তব্য জানার চেষ্টা করছে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম।
গত শুক্রবার এক সংবাদ সম্মেলনে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারপ্রক্রিয়া নিয়ে একই ধরনের অভিযোগ করেন। তিনি বলেন, ট্রাইব্যুনালে শুধু পলাতক আসামিদের বিচার ও সাজা হচ্ছে, অথচ গ্রেপ্তার আসামিদের বিরুদ্ধে কোনো রায় হচ্ছে না।
রোববার সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রসিকিউটর তামিম ওই অভিযোগকে 'সম্পূর্ণ অসত্য' বলে দাবি করেন।

জামায়াত নেতা আখতারুজ্জামানের

যাত্রীদের জমজমের পানি সরবরাহে বিলম্ব নিয়ে আখতারুজ্জামানের উচ্চ-বাচ্যের একটি ভিডিও সোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। তাতে দেখা দেখা যায়, সাবেক সংসদ সদস্য আখতারুজ্জামান বিমানবন্দরের ইউডি গ্রুপ ক্যাপ্টেন এস এম রাগীব সামাদকে উদ্দেশ করে বলছেন, "ঘাড় ধরে বের করে দেব, ঘাড় ধরে বের করে দেব। আপনারা কাজ করেন না, কিছু করেন না, তদবির করে পোস্ট নেন। মাইর খাইতে চান?"
মামলার বিবরণ অনুযায়ী, ১ অক্টোবর সকাল ৮টা ৫৫ মিনিটে বিমান বাংলাদেশের বিজি-৩৩৮ ফ্লাইটে জামায়াতের ৩৪ জন প্রতিনিধি সপরিবারে মদিনা থেকে শাহজালাল মিনবন্দরে পৌঁছান। সেসময় বিমানবন্দরে আগমনী যাত্রীর বাড়তি চাপ থাকায় ট্রলি সংগ্রহের দীর্ঘ লাইন তৈরি হয়। কয়েকজন প্রটোকল সহকারী লাইনের নিয়ম ভেঙে ট্রলি সংগ্রহের চেষ্টা করেন। সংশ্লিষ্ট কয়েকজন ব্যক্তি পরে লাগেজ আসতে বিলম্ব হওয়া এবং জমজমের পানি না আসায় 'উত্তেজিত' হয়ে পড়েন এবং 'অশোভন আচরণ' করেন। এর মধ্যে বেলা পৌনে ১১টার দিকে ঢাকা-৫ আসনের এমপি মোহাম্মদ কামাল হোসেন বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন এস এম রাগীব সামাদকে ঘটনাস্থলে ডেকে পাঠান।
সঙ্গে সঙ্গে নির্বাহী পরিচালক সেখানে এসে সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলছিলেন। এসময় তার দিকে আক্রমণাত্মক ভঙ্গিতে এগিয়ে আসা অবসরপ্রাপ্ত মেজর আখতারুজ্জামান 'অত্যন্ত রূঢ়, অশালীন ও অকথ্য ভাষায়' গালিগালাজ করতে থাকেন।
এজাহারে বলা হয়, তখন বিমানবন্দরের নির্বাহী পরিচালক 'অত্যন্ত শান্তভাবে' অতিরিক্ত যাত্রীর চাপ ও ট্রলি ব্যবস্থাপনা সম্পর্কে বোঝানোর চেষ্টা করলেও আখতারুজ্জামান আরও উত্তেজিত হয়ে বলেন, 'আমি কিন্তু পিটাবো ধইরা', 'গেইট আউট ফ্রম হিয়ার', 'ঘাড় ধরে বের করে দিব', 'কাজ জানেন না, তদবির করে পোস্টিং এ আসবেন', 'মাইর খাইতে চান?'। কিশোরগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য আখতারুজ্জামানের আচরণ 'অত্যন্ত আক্রমণাত্মক ও মারমুখী' ছিল জানিয়ে মামলায় বলা হয়, পরিস্থিতি আরও অবনতি হওয়ার আশঙ্কায় ঢাকা-৫ আসনের এমপি কামাল হোসেন নির্বাহী পরিচালককে নিরাপদ দূরত্বে সরিয়ে নিয়ে যান। পরে আখতারুজ্জামান ফের উত্তেজিত হয়ে উপস্থিত ব্যক্তিদের উদ্দেশ্যে হুমকি দেন, "আপনাদের সবাইকে বিমানবন্দরে বেঁধে পিটানো এবং সোশাল মিডিয়ায় দেওয়া দরকার, যাতে তারেক রহমান এটি দেখেন, তখন আপনারা সোজা হবেন। আপনাদের ঘাড় ধাক্কা দিয়ে বের করে দেব। এসময় তিনি বিমান ও পর্যটন মন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত সম্পর্কে 'অত্যন্ত অশালীন ও অবমাননাকর' মন্তব্য করেন জানিয়ে এজাহারে বলা হয়, আখতারুজ্জামান বলেন, "হি ইজ এ বাস্টার্ড। বিমানবন্দরের জন্য কিছুই করছে না।"
তখন আখতারুজ্জামানের সঙ্গে থাকা কয়েকজন প্রটোকল সহকারী ঘটনার ভিডিও ধারণ করে তা 'সোশাল মিডিয়ায় ভাইরাল' করার 'হুমকি' দেন বলেও অভিযোগ করা হয়েছে।
মামলার বিবরণে বলা হয়েছে, বিমানবন্দরের নিরাপত্তা ও শৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কায় তখন দায়িত্বরত নিরাপত্তা সুপারভাইজার মোহাম্মদ কামাল উদ্দিন বিমানবন্দরের কেপিআই এলাকায় ভিডিও ধারণ না করতে সংশ্লিষ্টদের নিষেধ করেন। তখন অবসরপ্রাপ্ত মেজর আখতারুজ্জামান অতর্কিতে ওয়ারেন্ট অফিসার কামাল উদ্দিনের কাছে গিয়ে তাকে 'অকথ্য ভাষায়' গালিগালাজ করেন এবং একপর্যায়ে শারীরিকভাবে আঘাত করেন।
মারধরের ঘটনাটি সিসিটিভির আওতাভুক্ত ছিল না দাবি করে এজাহারে বলা হয়, বিষয়টি ভুক্তভোগী ও প্রত্যক্ষদর্শীদের মাধ্যমে প্রমাণ করা সম্ভব। পরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের এক প্রতিনিধি ঘটনাস্থলে উপস্থিত হলে তার সঙ্গেও অশোভন ও মারমুখী আচরণ করেন আখতারুজ্জামান। এসময় তিনি থেকে সাধারণ যাত্রীদের জমজমের পানির বোতল ট্রলি থেকে ছুঁড়ে ফেলেন।
কিশোরগঞ্জ-২ আসনের দুইবারের সংসদ সদস্য অবসরপ্রাপ্ত মেজর আখতারুজ্জামান ত্রয়োদশ সংসদ নির্বাচনের আগে জামায়াতে ইসলামীতে যোগ দেন। এর আগে ১৯৯১ ও ১৯৯৬ (জুন) সালে কটিয়াদী আসন থেকে বিএনপি প্রার্থী হিসেবে তিনি জয়লাভ করেন।
এবার আসনটিতে স্বতন্ত্র হিসেবে লড়েন তার ছোট ভাই আনিসুজ্জামান খোকন, যিনি বিএনপি থেকে ১৯৭৯ সালে ময়মনসিংহ-১৯ আসনের এমপি হয়েছিলেন।

ইসরাইলে প্রধানমন্ত্রী হওয়ার লড়াইয়ে এগিয়ে আইজেনকোট, পিছিয়ে নেতানিয়াহু

দিগন্ত ডেস্ক

ইসরাইলের পরবর্তী প্রধানমন্ত্রী নির্বাচনের দৌড়ে বেনিয়ামিন নেতানিয়াহুর চেয়ে এগিয়ে রয়েছেন গাদি আইজেনকোট। দেশটির আরব নেতৃত্বাধীন জয়েন্ট লিস্ট ও রাআম পার্টি আইজেনকোটকে প্রধানমন্ত্রী হিসেবে মনোনীত করার পক্ষে অবস্থান নিতে যাচ্ছে। রোববার হিব্রু ভাষার সংবাদমাধ্যম ওয়াল্লাকে দেওয়া এক সাক্ষাৎকারে জয়েন্ট লিস্টের একজন জ্যেষ্ঠ নেতা এ তথ্য জানিয়েছেন।
জেরুজালেম পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে, ইসরাইলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজগের সঙ্গে আলোচনায় আরব দলগুলো আইজেনকোটের প্রতি সমর্থন জানানোর ইঙ্গিত দিয়েছে। আগামী বুধবার (৪ নভেম্বর) কেন্দ্রীয় নির্বাচন কমিটির কাছ থেকে আনুষ্ঠানিক নির্বাচনি ফলাফল গ্রহণ করবেন প্রেসিডেন্ট। এরপর নিজ বাসভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে ধারাবাহিক বৈঠক করবেন তিনি।
রোববার এক অনুষ্ঠানে প্রেসিডেন্ট হারজগ রাজনৈতিক দলগুলোর প্রতি নির্বাচনের ফলাফল মেনে নিয়ে সরকার গঠনের বিষয়ে সমঝোতায় পৌঁছানোর আহ্বান জানান। তিনি বলেন, আলোচনায় কোনো পক্ষ কঠোর অবস্থানে অনড় থাকলে দেশটিকে আবারো নির্বাচনের মুখোমুখি হতে হতে পারে।
হারজগের ভাষায়, রাজনৈতিক নেতাদের উদার মনোভাব নিয়ে আলোচনায় বসতে হবে। পরস্পরের বক্তব্য শুনে মতবিনিময়ের পাশাপাশি নতুন নির্বাচন এড়াতে বাস্তবসম্মত ও সৃজনশীল সমাধান বের করতে হবে।
আইজেনকোটের পক্ষে ৬০, নেতানিয়াহুর ৪৬
ইসরাইলি সংবাদমাধ্যম ওয়াইনেটের রোববারের এক প্রতিবেদনে জানানো হয়েছে, প্রেসিডেন্টের সঙ্গে রাজনৈতিক দলগুলোর পরামর্শ প্রক্রিয়া বুধবার শুরু হতে পারে। তবে তা বৃহস্পতিবার পেরিয়ে শুক্রবার পর্যন্ত চলার সম্ভাবনাও রয়েছে।
ইসরাইলের আইন অনুযায়ী, নির্বাচনের আনুষ্ঠানিক ফলাফল প্রকাশের সাত দিনের মধ্যে প্রেসিডেন্টকে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা শেষ করতে হবে। এরপর সরকার গঠনের দায়িত্ব দেওয়ার জন্য একজন নেতাকে মনোনীত করবেন তিনি।
সাধারণত যিনি পার্লামেন্ট সদস্যদের কাছ থেকে সবচেয়ে বেশি সমর্থন বা সুপারিশ পান, তাকেই সরকার গঠনের দায়িত্ব দেওয়া হয়। বর্তমান রাজনৈতিক সমীকরণে এই দৌড়ে এগিয়ে আছেন গাদি আইজেনকোট।
প্রাথমিক হিসাব অনুযায়ী, আরব দলগুলোর সমর্থনসহ তার পক্ষে ৬০ জন আইনপ্রণেতার সুপারিশ থাকতে পারে। এ ছাড়া চেঞ্জ ব্লকের শরিক ইসরাইল বেইতেনু দলও তাকে সমর্থন জানালে এই সংখ্যা বেড়ে ৬৭-তে পৌঁছাতে পারে।
অন্যদিকে, বেনিয়ামিন নেতানিয়াহুর পক্ষে লিকুদ, ওতজমা ইহুদিত, শাস ও রিলিজিয়াস জায়োনিজম পার্টি থেকে মোট ৪৬টি সুপারিশ আসতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে ইউনাইটেড তোরাহ জুডাইজমের সাতটি আসনের সমর্থন কোন দিকে যাবে, তা এখনো পরিষ্কার নয়। দলটি রাজনৈতিক আলোচনা শেষ না হওয়া পর্যন্ত নিজেদের অবস্থান নিরপেক্ষ রাখতে পারে।
তবে প্রেসিডেন্টের কাছে সর্বোচ্চ সংখ্যক সুপারিশ পাওয়াই সরকার গঠনের নিশ্চয়তা নয়। দায়িত্ব পাওয়া নেতাকে পরবর্তী সময়ে বিভিন্ন দলের সঙ্গে সমঝোতা করে একটি কার্যকর জোট গঠন করতে হবে। পাশাপাশি ইসরাইলের পার্লামেন্ট নেসেটে আস্থা ভোটে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করাও হবে তার জন্য বড় চ্যালেঞ্জ।

শ্রমিক অসন্তোষ নিরসনে জরুরি বৈঠক শেষে সরকারের কঠোর বার্তা

দিগন্ত ডেস্ক

তৈরি পোশাক কারখানার উৎপাদন সচল রাখা এবং সামগ্রিক জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।
পোশাক খাতে চলমান শ্রমিক অসন্তোষের মধ্যে রোববার সন্ধ্যায় প্রধানমন্ত্রীর সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রী ও উপদেষ্টাদের এক উচ্চপর্যায়ের বৈঠক শেষে এ তথ্য জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী।
মন্ত্রী বলেন, ডিসেম্বর মাসকে সামনে রেখে একটি মহল পোশাক খাতকে অস্থিতিশীল করার চেষ্টা চালাচ্ছে, যা সরকার রাজনৈতিকভাবে মোকাবিলা করবে। একই সঙ্গে কারখানার উৎপাদন অব্যাহত রাখা এবং সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।
এদিকে মন্ত্রিপরিষদ বিভাগের একটি সূত্র জানায়, শ্রমিক অসন্তোষ নিরসন ও পোশাক খাতের অস্থিরতা মোকাবিলায় করণীয় ঠিক করতে রোববার সন্ধ্যার পর প্রধানমন্ত্রী সংশ্লিষ্টদের নিয়ে জরুরি বৈঠক করেন। এতে অর্থ, স্বরাষ্ট্র ও শ্রম মন্ত্রণালয়ের মন্ত্রীসহ বেশ কয়েকজন মন্ত্রী এবং উপদেষ্টা মাহদী আমিন উপস্থিত ছিলেন।
এর আগে রোববার বেলা ১টার দিকে শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এর কয়েক ঘণ্টা আগে বেলা সাড়ে ১১টার দিকে পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি পর্যালোচনার জন্য আনুষ্ঠানিকভাবে নতুন মজুরি বোর্ড গঠন করে সরকার।
সংশ্লিষ্ট সূত্র জানায়, শ্রমিক অসন্তোষ মোকাবিলায় প্রধানমন্ত্রী দুই দিন আগেই প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়েছিলেন। তবে মজুরি বোর্ডের জন্য শ্রমিক প্রতিনিধির নাম চূড়ান্ত করতে মন্ত্রণালয়ের কিছুটা সময় লাগায় বোর্ড গঠনে সামান্য বিলম্ব হয়।

চিকিৎসক বুলবুল হত্যা
৩ ম্যাজিস্ট্রেটসহ চার সাক্ষীর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

নিজস্ব প্রতিবেদক

ঢাকার মিরপুরে দন্ত চিকিৎসক আহমেদ মাহী বুলবুল হত্যা মামলায় ঢাকার তৎকালীন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও তদন্ত কর্মকর্তাকে সাক্ষ্য দিতে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে আদালত। ঢাকার ১৩তম অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক জাহিদুল ইসলামের আদালতে রোববার মামলার সাক্ষ্য গ্রহণের দিন ছিল। তবে এদিন কোনো সাক্ষী সাক্ষ্য দিতে আদালতে আসেননি। এজন্য আদালত আগামী ১২ জানুয়ারি সাক্ষ্য গ্রহণের পরবর্তী দিন রেখেছেন। তিন ম্যাজিস্ট্রেট ও তদন্ত কর্মকর্তাকে ওইদিন সাক্ষ্য দিতে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারির কথা জানিয়েছেন আদালতের বেঞ্চ সহককারি সোহেল মিয়া। ঢাকার তৎকালীন ওই তিন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হলেন, আতিকুল ইসলাম, মেহেদী হাসান ও মইনুল ইসলাম। তারা ঢাকার সিএমএম আদালতে থাকাকালে তিন আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দি বেকর্ড করেছিলেন। তদন্ত কর্মকর্তা হলেন মিরপুর জোনাল টিমের ইন্সপেক্টর মুহাম্মদ দেলোয়ার হোসেন।
গত ২৭ সেপ্টেম্বর ঢাকার তৎকালীন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ শেখ সাদী সাক্ষ্য দেন। তিনি আসামি রাসেল হোসেনের স্বীকারোক্তিমূলক জবানবন্দি রেকর্ড করেছিলেন। এ মামলার ২৩ জন সাক্ষীর মধ্যে এখন পর্যন্ত ১৬ জনের সাক্ষ্য শেষ হয়েছে। ২০২২ সালের ২৭ মার্চ ভোর সাড়ে ৫টার দিকে ছিনতাইকারীর ছুরিকাঘাতে নিহত হন দন্ত চিকিৎসক আহমেদ মাহী বুলবুল। এ ঘটনায় তার স্ত্রী শাম্মী আক্তার বাদী হয়ে অজ্ঞাতনামাদের আসামি করে ওইদিনই মিরপুর মডেল থানায় মামলা করেন।
তদন্ত শেষে ২০২২ সালের ২৪ সেপ্টেম্বর তদন্ত কর্মকর্তা মিরপুর জোনাল টিমের ইন্সপেক্টর মুহাম্মদ দেলোয়ার হোসেন পাঁচজনকে আসামি করে আদালতে অভিযোগপত্র জমা দেন।
আসামিরা হলেন মো. রায়হান ওরফে সোহেল আপন, রাসেল হোসেন হাওলাদার, আরিয়ান খান হৃদয়, সোলায়মান ও রিপন। তারা সবাই কারাগারে আছেন।
অভিযোগপত্রে বলা হয়, আহমেদ মাহী বুলবুল দন্ত চিকিৎসক ও প্রথম শ্রেণির ঠিকাদার ছিলেন। তিনি ঠিকাদারির কাজে নোয়াখালী যাওয়ার জন্য ২৭ মার্চ ভোর সোয়া ৫টার দিকে বাসা থেকে বের হয়ে রিকশায় শেওড়াপাড়া বাসস্ট্যান্ডে রওনা হন। পশ্চিম কাজীপাড়ার নাভানা ফার্নিচার শোরুমের সামনে প্রধান সড়কের ওপর পৌঁছালে আসামি রিপন ও রাসেল রিকশার গতিরোধ করে তার কাছে যা যা আছে তা দিয়ে দিতে বলে। না দিলে সঙ্গে থাকা ছুরি দিয়ে আঘাত করার ভয় দেখায়।
বুলবুল মোবাইল ফোন দিতে না চাওয়ায় রিপন তার উরুতে আঘাত করে জখম করে মোবাইল ফোন নিয়ে পালিয়ে যায়। এসময় বুলবুল গুরুতর জখম অবস্থায় রাস্তায় পড়ে যান।
২০২৩ সালের ২৬ মে আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে এ মামলার বিচার শুরু হয়।

জাটকা ইলিশ আহরণে

করছে। আর এসময় ইলিশের উৎপাদন বৃদ্ধি ও টেকসই নিষিক্ত ইলিশের পোনা রক্ষা করা অত্যাবশ্যকীয়। এসব পোনা নিরাপদে বেড়ে উঠতে পারলেই ভবিষ্যতে দেশের ইলিশ উৎপাদন আরও বৃদ্ধি পাবে।এ উদ্দেশ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ (সংশোধিত) অধ্যাদেশ, ২০২৫ এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী, উল্লিখিত নিষেধাজ্ঞা লঙ্ঘন করলে অনধিক দুই বছরের সশ্রম কারাদণ্ড অথবা অনধিক ৫ লাখ টাকা পর্যন্ত অর্থদণ্ড কিংবা উভয় দণ্ডে দণ্ডিত হওয়ার বিধান রয়েছে।মৎস্য অধিদপ্তর সারাদেশে জেলা ও উপজেলা প্রশাসন, নৌবাহিনী, কোস্টগার্ড, নৌ পুলিশ, স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সহযোগিতায় কঠোরভাবে এ নিষেধাজ্ঞা বাস্তবায়ন করবে।

হাজীগঞ্জ-কচুয়া-শাহরাস্তিতে

নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সেবা নিশ্চিত করার লক্ষ্য রয়েছে।

অবৈধ বিদ্যুৎ ব্যবহারে বাড়ছে দুর্ঘটনার ঝুঁকি

অবৈধ বিদ্যুৎ সংযোগ ও মিটারে কারচুপি শুধু বিদ্যুৎ ব্যবস্থার ক্ষতি করে না, এটি জননিরাপত্তার জন্যও হুমকি। অনিরাপদ সংযোগের কারণে শর্টসার্কিট, অগ্নিকাণ্ড ও প্রাণহানির ঝুঁকি তৈরি হতে পারে। পাশাপাশি অনুমোদনহীন অতিরিক্ত লোডের কারণে বিদ্যুতের ভোল্টেজে সমস্যা দেখা দিতে পারে, যা বৈধ গ্রাহকদের বৈদ্যুতিক যন্ত্রপাতির ক্ষতির কারণ হতে পারে।

অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার আইনত দণ্ডনীয় অপরাধ। এ ধরনের অপরাধে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে প্রযোজ্য আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হতে পারে।

অবৈধ সংযোগের তথ্য দিতে আহ্বান

নিজ নিজ এলাকায় কেউ অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করলে কিংবা বিদ্যুতের মিটারে কারচুপি করলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তথ্য দিয়ে সহযোগিতা করার আহ্বান জানিয়েছে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১।

এ-সংক্রান্ত অভিযোগ ও তথ্য জানাতে ০১৭৬৯৪০০৩২৬ অথবা ১৬৮৯৯ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে। তথ্য প্রদানকারীর পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে বলেও জানানো হয়েছে।

বিদ্যুৎ একটি গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ। অবৈধ বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পাশাপাশি সাধারণ মানুষের সচেতনতা ও সহযোগিতা জরুরি। তাই বিদ্যুতের অপচয় ও চুরি রোধে সবাইকে বৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহার এবং অনিয়মের তথ্য দিয়ে দায়িত্বশীল ভূমিকা রাখার আহ্বান জানানো হয়েছে।

গার্মেন্টস শিল্পে চলমান অস্থিরতা

মূল্য, অস্বাভাবিক উৎপাদন খরচ বৃদ্ধি, বিশ্ববাজারে অনিশ্চয়তা এবং নতুন ক্রয়াদেশ কমে যাওয়া কিংবা বাতিল হওয়ার কারণে খাতটি গভীর সংকটে পড়েছে।

একই সঙ্গে এ খাতে কর্মরত শ্রমিকদের দুরবস্থার চিত্র তুলে ধরে তিনি বলেন, বাড়িভাড়া, নিত্যপ্রয়োজনীয় পণ্যের লাগামহীন দাম, যাতায়াত এবং চিকিৎসা খরচের বাড়তি বোঝায় সাধারণ শ্রমিক-কর্মচারীদের দৈনন্দিন জীবনও আজ চরম সংকটের মুখোমুখি।

সংকট উত্তরণে সরকারের দায়িত্ব স্মরণ করিয়ে দিয়ে জামায়াত আমির বলেন, 'প্রধান এই রপ্তানি খাতকে টিকিয়ে রাখতে হলে খাতটি যেসব সমস্যায় জর্জরিত হয়ে পড়েছে, তা দূর করতে সরকারকে অবিলম্বে টেকসই ও কার্যকর পদক্ষেপ নিতে হবে। যদি নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যায় এবং উৎপাদনের গতি স্বাভাবিক রাখা সম্ভব হয়, তবে সংশ্লিষ্ট সকল সমস্যা যৌক্তিকভাবে সমাধান করা সম্ভব হবে।'

তিনি আরো বলেন, 'শিল্প বাঁচলে শুধু মালিক বাঁচবে না, দেশও বাঁচবে। তাই শিল্প উদ্যোক্তা এবং এ শিল্পে নিয়োজিত বিপুল জনশক্তি–দুটোকেই রক্ষার জন্য সরকারকে দায়িত্বশীল ও অভিভাবকসুলভ ভূমিকা পালন করতে হবে।'

বিদ্যমান পরিস্থিতিতে সব পক্ষকে সংযম প্রদর্শনের আহ্বান জানিয়ে তিনি বলেন, মালিক, শ্রমিক ও প্রশাসনসহ সংশ্লিষ্ট সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল আচরণ করতে হবে। এ মুহূর্তে কালক্ষেপণের কোনো সুযোগ নেই উল্লেখ করে তিনি বলেন, এ ক্ষেত্রে কালক্ষেপণ বা অবহেলা করা হলে দেশের সামগ্রিক ভঙ্গুর অর্থনীতি গভীর সংকটে নিমজ্জিত হবে।

আমাদের দেশ যুবকদের

প্রশিক্ষণ নিয়ে যারা সফলভাবে ব্যবসা পরিচালনা করতে পারবেন, তাদেরকে আমি ঋণ নেওয়ার জন্য ব্যবস্থা করে দেব।

তিনি আরো বলেন, আগামী দিনের সম্ভাবনা দুয়ার খুলে দিয়েছে সোলার। উদ্যোক্তারা সোলার নিয়ে কাজ করতে পারেন। মাছ চাষে বিশ্বে বাংলাদেশ দ্বিতীয় অবস্থান রয়েছে। আপনারা ইনোভেটিভ ব্যবসার সাথে জড়িত হন। গরুর বর্জ্য থেকে বায়োগ্যাস তৈরি করুন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে আগামী কয়েকদিনের মধ্যে গরু ও ছাগল বিতরণ করা হবে। আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমান মনে করেন আমাদের দেশ যুবকদের দেশ, যুবকরা এ দেশকে এগিয়ে নিয়ে যাবে।

জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিম।

বিশিষ্ট সাংবাদিক এম আর ইসলাম বাবুর পরিচালনায় বক্তব্য রাখেন চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক হুমায়ুন কবির।

উদ্যোক্তা হিসেবে বক্তব্য রাখেন মো. আবু হানিফ ও মাহমুদা আক্তার।

পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন যুব উন্নয়ন মসজিদের খতিব আবুল কাশেম।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবু, জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য মো. জাকির হোসেন, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান কমিটির আহ্বায়ক এইচ এম ইসমাইল হোসেন পাটওয়ারীসহ আরো অনেক।

চাঁদপুরে রডভর্তি ট্রাক

করতেন। পুলিশ জানায়, তাদের একটি দল অভিযান চালিয়ে ৩ হাজার ৯২০ ইয়াবা, ৩৫ লাখ টাকা মূল্যের একটি পাঁচ টনি ট্রাক এবং ১৩ লাখ টাকা মূল্যের ১৩ টন রড উদ্ধার করেছে। ট্রাকের মধ্যে লুকিয়ে ইয়াবাগুলো আনা হয়েছে।

চাঁদপুর সদর মডেল থানার ওসি ফয়েজ আহমেদ বলেন, দুজনকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে।

হাজীগঞ্জ পৌর ছাত্রলীগ

বলে জানা গেছে। পুলিশ সূত্রে জানা যায়, কিশোর গ্যাংবিরোধী অভিযানের অংশ হিসেবে ওই এলাকায় অভিযান পরিচালনা করা হয়। এ সময় তাকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ।

বিষয়টি নিশ্চিত করেছেন হাজীগঞ্জ থানার পুলিশ পরিদর্শক (তদন্ত)।

তবে মাহিম আহমেদ প্রান্তের বিরুদ্ধে সুনির্দিষ্ট কী অভিযোগ রয়েছে এবং গ্রেপ্তারের পর তার বিরুদ্ধে কী ধরনের আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে, সে বিষয়ে বিস্তারিত তথ্য জানা যায়নি।

শাহরাস্তি মডেল থানা

হলফনামার মাধ্যমে ১৯৬১ইং সনের মুসলিম পারিবারিক আইনের বিধান মতে চূড়ান্তভাবে তার স্ত্রী শিল্পী আক্তারকে তালাক প্রদান করেন এবং উক্ত তালাকের হলফনামার কপি উক্ত শিল্পী আক্তার এবং তার ভাই মিজানুর রহমান সহ অফিসার ইনচার্জ শাহরাস্তি মডেল থানা ও সংশ্লিষ্ট সকল দফতরে রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করেন।

একই সাথে উক্ত তালাকের হলফনামার একটি ফটোকপি সরাসরি ভাবে সদ্য তালাকপ্রাপ্ত স্ত্রীর নিকট স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের মাধ্যমে হস্তান্তর করে তাকে গৃহ হতে তার পিত্রালয়ে চলে যাবার জন্য মাধ্যমে বলা হলেও উক্ত শিল্পী আক্তার তার ভাই মিজানুর রহমান সহ কতেক অজ্ঞাতনামা লোকের সহযোগিতায় জোরপূর্বক মোঃ বিল্লাল হোসেনের বসত ঘরে অনৈতিকভাবে অবস্থান করে তাকে বিভিন্ন মোবাইল নম্বর হতে ফোন করে এবং সরাসরি ভাবে তার বসত ঘর জ্বালিয়ে দিয়ে মোহাম্মদ বিল্লাল হোসেনকে খুন করে তার লাশ গুম করার হুমকি ধমকি প্রদান করেন। একই সাথে বিল্লাল হোসেনের বিরুদ্ধে মিথ্যে নারী নির্যাতনের মামলা করার ভয় ভীতি প্রদর্শন করেন। এতে বিল্লাল হোসেন কর্তৃক সদ্য তালাকপ্রাপ্ত স্ত্রী শিল্পী আক্তার ও তার ভাইয়ের মাধ্যমে মারাত্মক শান্তি ভঙ্গের আশঙ্কা দেখা দিয়েছে মর্মে উল্লেখ করে শাহরাস্তি মডেল থানায় ২৮/১০/২০২৬ইং তারিখ রাতেই একটি অভিযোগ দায়ের করে থানা পুলিশ প্রশাসন কর্তৃক তার তালাকপ্রাপ্ত স্ত্রীকে তাহার পিত্রালয়ে হস্তান্তরের জন্য যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের আবেদন করেন।

শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ উক্ত অভিযোগ গ্রহণ করে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এসআই ফরিদকে নির্দেশ দেন।

উক্ত বিষয়ে শাহরাস্তি মডেল থানায় যোগাযোগ করলে জানা যায় যে, এসআই ফরিদ অভিযোগে তদন্ত ভার পেয়ে উভয় পক্ষকে নিয়ে গত গত ২৯/১০/২০২৬ইং তারিখ সন্ধ্যায় থানার এক আপোষ বৈঠকের ব্যবস্থা করেন এবং আগামী ০১/১১/২০২৬ইং রবিবার বিকেলে পুনরায় থানায় আপোষ মিমাংসার জন্য উভয় পক্ষের জন্য তারিখ ধার্য করে সদ্য তালাকপ্রাপ্ত স্ত্রী শিল্পী আক্তারকে তার পিত্রালয়ে তার ভাই মিজানুর রহমানের হেফাজতে সসম্মানের প্রেরণ করেন।

বিগত ২৯/১০/২০২৬ইং তারিখ সন্ধ্যায় থানার আপোষ বৈঠকে তালাকপ্রাপ্ত স্ত্রী শিল্পী আক্তার এর পক্ষে উপস্থিত ছিলেন শাহরাস্তি পৌর কাউন্সিলর আব্দুল কুদ্দুস, তার ভাই ও অভিযোগের ২নং বিবাদী মিজানুর রহমান, তার ভাবী সহ তার পিত্রালয়ের গণ্যমান্য ব্যক্তিবর্গ। পক্ষান্তরে ভুক্তভোগী মোঃ বিল্লাল হোসেনের পক্ষে উপস্থিত ছিলেন তার আপন ছোট ভাই শাহাদাত হোসেন ও সজীবসহ শিক্ষানবিশ আইনজীবী এবং জাতীয় সংবাদ সংগ্রহ সংস্থা এনএনসির চট্টগ্রাম বিভাগীয় সভাপতি ও আন্তর্জাতিক মানবাধিকার কমিশন ওঐজঝ এর আজীবন সদস্য খন্দকার মোঃ শামসুল আলম।

উক্ত বিষয়ে তালাকপ্রাপ্ত স্ত্রী শিল্পী আক্তারের সাথে যোগাযোগ করলে উক্ত শিল্পী আক্তার ও তার ভাই মিজানুর রহমান আমাদের প্রতিনিধিকে জানান যে, তাহারা এই তালাক মানেনা এবং যে কোনো মূল্যে, যে কোনো শর্তে স্বামী বিল্লাল হোসেনের সাথে সংসার করতে চায় শিল্পী আক্তার। এমনকি সংসার রক্ষার জন্য প্রয়োজনে আদালতে আইনের আশ্রয় নিবেন।

তবে বিল্লাল হোসেন পুনরায় তার তালাক দেয়া স্ত্রী শিল্পী আক্তারের সাথে কোনভাবেই ঘর সংসার করবে না বলে আমাদেরকে জানান।

চাঁদপুরে নির্বাহী বিভাগ

সম্ভব নয়। জনগণের ন্যায়বিচার প্রাপ্তি নিশ্চিত করতে স্বাধীন ও শক্তিশালী বিচার বিভাগের বিকল্প নেই। বাংলাদেশের বিচার বিভাগের ইতিহাসে নির্বাহী বিভাগ থেকে ম্যাজিস্ট্রেসি পৃথকীকরণ একটি গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক মাইলফলক। আলোচনা সভায় বিচারকদের মধ্যে বক্তব্য দেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ মো. কামাল হোসেন, যুগ্ম জেলা জজ সামিউল আলম ও সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পলাশ বর্ধন।

এ ছাড়া বক্তব্য দেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট শামসুল ইসলাম মন্টু, সাবেক সভাপতি অ্যাডভোকেট সেলিম আকবর, অ্যাডভোকেট আহসান হাবীব ও অ্যাডভোকেট এটিএম মোস্তফা কামাল।

বক্তারা বিচার বিভাগ পৃথকীকরণ আন্দোলনে আইনজীবী সমাজের অবদানের কথা স্মরণ করেন। তারা বলেন, বিচার বিভাগকে নির্বাহী বিভাগের প্রভাবমুক্ত করে স্বাধীনভাবে কাজ করার সুযোগ সৃষ্টি করা ছিল দেশের বিচারব্যবস্থার দীর্ঘদিনের প্রত্যাশা। সংবিধানের ২২ অনুচ্ছেদে রাষ্ট্রের নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণের নির্দেশনা থাকলেও তা বাস্তবায়নে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়েছে।

আলোচনায় বিচার বিভাগ পৃথকীকরণে ঐতিহাসিক মাসদার হোসেন মামলার ভূমিকা বিশেষভাবে তুলে ধরা হয়। বক্তারা জানান, ১৯৯৯ সালে আপিল বিভাগ এ মামলায় বিচার বিভাগের স্বাধীনতা ও পৃথকীকরণ বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা দেন। পরবর্তী সময়ে বিভিন্ন আইনগত ও প্রশাসনিক প্রক্রিয়া শেষে ২০০৭ সালের ১ নভেম্বর থেকে দেশের অধস্তন বিচার বিভাগ ও বিচারিক ম্যাজিস্ট্রেসি নির্বাহী বিভাগ থেকে পৃথকভাবে কার্যক্রম শুরু করে। এর মধ্য দিয়ে বিচারিক ও নির্বাহী ম্যাজিস্ট্রেসির পৃথক কাঠামো কার্যকর হয় এবং বিচার বিভাগের ইতিহাসে সূচিত হয় নতুন অধ্যায়।

বক্তারা আরও বলেন, বিচার বিভাগ পৃথকীকরণ কেবল একটি প্রশাসনিক পরিবর্তন ছিল না; এটি আইনের শাসন, ন্যায়বিচার ও বিচার বিভাগের প্রাতিষ্ঠানিক স্বাধীনতা নিশ্চিত করার পথে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিচারপ্রার্থীদের আস্থা অর্জন এবং আইনের সমান প্রয়োগ নিশ্চিত করতে বিচার বিভাগ, আইনজীবী সমাজ, প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সবাইকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। অনুষ্ঠানে চাঁদপুর জেলা আইনজীবী সমিতির বর্তমান ও সাবেক সভাপতি, সাধারণ সম্পাদকসহ আইনজীবী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মতলব উত্তরে অভিযানে

হয়। ঐ অভিযানে এসআই(নিরস্ত্র)/মোঃ মিজানুর রহমান সঙ্গীয় অফিসার সহ মতলব উত্তর থানাধীন সুগন্ধি ৩নং আসামী মোঃ শাহ আলম (৫৫) এর নতুন বাড়ীর গোয়ালগর সংলগ্ন শয়ন কক্ষ হতে ধৃত আসামী ০১। মোঃ সাইফুল সরকার (৩২), পিতা-মৃত সানাউল্লাহ সরকার, মাতা: মাহফুজা বেগম, সাং-সুগন্ধি (সরকার বাড়ী), ০২। মোঃ আফসার উদ্দিন বেপারী (৩৪), পিতা-রফিক বেপারী, মাতা-আফিয়া বেগম, সাং-সুগন্ধি (বেপারী বাড়ী), ০৩। মোঃ শাহ আলম (৫৫), পিতা- মৃত মোঃ আলী রাঢ়ী, মাতা: মৃত নুরজাহান বেগম, সাং-সুগন্ধি (রাঢ়ী বাড়ী), সর্ব থানা- মতলব উত্তর, জেলা-চাঁদপুরদ্বয়ের দখল হইতে ৭৬ পিস ইয়াবা ট্যাবলেট সহ গ্রেফতার করা হয়।

এসআই(নিরস্ত্র)/মোঃ মিজানুর রহমান সঙ্গীয় অফিসার সহ মতলব উত্তর থানাধীন ৩নং সাদুল্যাপুর ইউপিস্থ বেলতলী বাজার মোঃ ওসমান গনির চা দোকানের সামনে পাকা রাস্তার উপর হতে ধৃত আসামী ০১। মোঃ জমির হোসেন (২৫), পিতা- মোঃ ইয়াকুব প্রধান, মাতা: পারভীন বেগম, স্থায়ী: গ্রাম- মুন্সিরকান্দি (প্রধান বাড়ী) থানা-মতলব উত্তর, জেলা-চাঁদপুর এর দখল হতে ৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়। এছাড়াও ফৌঃকাঃ বিঃ ১৫১ ধারায় ৩জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। মাদকসহ গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়। মতলব উত্তর থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

শাহরাস্তিতে চোরাই মোটরসাইকেলসহ

এজাহারনামীয় আসামি। অভিযানকালে তাঁর দখল থেকে চুরি হওয়া মোটরসাইকেলটি উদ্ধার করা হয়। পরে গ্রেপ্তার আসামিকে যথাযথ পুলিশি পাহারায় বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

আজ থেকে ১০ ঘণ্টা

পাশে থাকা বৈদ্যুতিক খুঁটি নিরাপদ দূরত্বে স্থানান্তরের প্রয়োজন দেখা দিয়েছে। এ কাজের অংশ হিসেবে ২ নভেম্বর থেকে প্রতিদিন সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খুঁটি স্থানান্তরের কাজ চলবে এবং কাজ চলাকালীন বিদ্যুৎ সরবরাহ সাময়িকভাবে বন্ধ থাকবে।

এ ছাড়া রাস্তার দুই পাশে পৌরসভার পানির লাইন, গ্যাস, ইন্টারনেট, ওয়াইফাই ও ডিশ লাইনের তার থাকায় খুঁটি স্থানান্তরের সময় যানজট সৃষ্টি এবং যানবাহন চলাচলে বিঘ্ন ঘটতে পারে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এ অবস্থায় উন্নয়নমূলক কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেছে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১।

ফরিদগঞ্জ ফাউন্ডেশনের নতুন

ডাঃ মো. সাইফুল ইসলাম পাটওয়ারী (সোহেল), মিজানুর রহমান (প্রধান শিক্ষক), অধ্যাপক মো. ফিরোজ আলম চৌধুরী। সাধারণ সম্পাদক মো. বিল্লাল হোসেন পাটওয়ারী, যুগ্ম সম্পাদক মো. আবু জাফর গাজী, মো. সাখাওয়াত হোসাইন, সাংগঠনিক সম্পাদক মো. আবুল খায়ের, সহ-সাংগঠনিক সম্পাদক মো. মিজানুর রহমান পাটওয়ারী, অর্থ সম্পাদক মো. আরিফ উল্যাহ ভূঁইয়া, দপ্তর সম্পাদক মো. জসিম উদ্দিন ভুইঁয়া, সহ-দপ্তর সম্পাদক মো. জিয়াউদ্দিন বাবুল, প্রচার সম্পাদক মো. মোতাহের হোসেন, সহ-প্রচার সম্পাদক মো. মাঈনুদ্দিন পাটওয়ারী।

প্রকাশনা সম্পাদক মোক্তার আহম্মদ খন্দকার, মহিলা সম্পাদিকা কাজী সুরাইয়া বেগম, সমাজ কল্যাণ সম্পাদক শামীমা নাসরীন আঁখি, সাংস্কৃতিক সম্পাদক মো. শরীফ চৌধুরী, শিক্ষা বিষয়ক সম্পাদক মো. আবু সায়েম, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এড. শেখ মো. জাহাঙ্গীর হোসেন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক তানভীর আহমেদ মিয়া (আরিফ), আইন বিষয়ক সম্পাদক এড মো. এমরান হোসেন, ধর্ম বিষয়ক সম্পাদক অধ্যাপক সাইফুল ইসলাম। কার্যকরী সদস্যরা হলেন-মো. আবুল কালাম ভূঁইয়া, হাফেজ আহমেদ, মো. মহসিন পাঠান, অ্যাড. মো. আবু তাহের তালুকদার, মো. নূর নবী জমাদার, মো. হারুন রশীদ মোল্লা, আলী আক্কাস মিয়া, মো. জাহাঙ্গীর হোসেন পাটওয়ারী, মো. শামসুদ্দিন ও মো. ওমর ফারুক।

অনুষ্ঠানে বিদায়ী সভাপতি মো. আবুল কালাম ভূঁইয়াকে ফাউন্ডেশনের পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। আর নবাগত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে ফুল দিয়ে বরণ করে নেন ফাউন্ডেশনের নেতারা।

নির্বাচন কমিশনের দায়িত্বে থাকা সাবেক সভাপতি হাফেজ আহমেদ কমিটি ঘোষণার পর ফাউন্ডেশনের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি নতুন কমিটির সদস্যদেরকে আন্তরিক হয়ে দায়িত্ব পালনের আহবান জানানা।

নবাগত সাধারণ সম্পাদক মো. বিল্লাল হোসেন পাটওয়ারী বক্তব্যে বলেন, তিনি চেষ্টা করবেন তাঁর উপর দায়িত্ব পালনে সচেষ্ট থাকা। তিনি ফাউন্ডেশনের পক্ষ থেকে নতুন আইডিয়া নিয়ে কাজ করতে আগ্রহী। এ ক্ষেত্রে ফাউন্ডেশনের সকলের সহযোগিতা কামনা করেন।

সর্বশেষ নবাগত সভাপতি অধ্যাপক মোশাররফ হোসেন লিটন বক্তব্য দেন। তিনি বলেন, ২৬ বছর পূর্বে ফরিদগঞ্জ ফাউন্ডেশন গঠনের স্বপ্ন দেখেন। সে আলোকে মরহুম ইকরাম চৌধুরীসহ বিগত দিনে অনেক কাজ সম্পন্ন করতে সক্ষম হয়েছেন। বিগত দিনে প্রতিটি কাজের ক্ষেত্রে সকলের সহযোগিতা পেয়েছেন। নতুন করে যে দায়িত্ব দেয়া হয়েছে, এই দায়িত্ব পালনের ক্ষেত্রে ফাউন্ডেশনের সকল সদস্যে হাত তার ওপর ছায়া হয়ে থাকে তাহলে অবশ্যই প্রত্যেকটি উদ্যোগ সফল হবে।

সবশেষে ফাউন্ডেশনের ধর্ম বিষয়ক সম্পাদক অধ্যাপক সাইফুল ইসলাম প্রয়াত সদস্যদের রুহের মাগফিরাত কামনা এবং অন্যান্য সদস্যদের সুস্থ্যতা কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন।

শ্রমিক অসন্তোষে ৫২৯ পোশাক

মিরপুরে ৩২০টি কারখানার মধ্যে ৬৮টি কারখানার শ্রমিক কাজ না করে বেরিয়ে যান। এ এলাকায় এমন শ্রমিকের সংখ্যা ৫১ হাজার ৬২৫ জন। গাজীপুর ও ময়মনসিংহ এলাকায় ৮৩৬টি কারখানার মধ্যে ২৭৬টির শ্রমিক কাজ না করে বেরিয়ে যান। এ দুই এলাকায় এ সংখ্যা ৬ লাখ ৪৫ হাজার ৩৬০ জন।

অন্যদিকে সাভার, আশুলিয়া ও জিরানী এলাকায় ৪৪১টি কারখানার মধ্যে ১৮৫টির শ্রমিক কাজ না করে বেরিয়ে যান। এই এলাকায় কাজ না করে কারখানা থেকে বেরিয়ে যাওয়া শ্রমিকের সংখ্যা ২ লাখ ৯০ হাজার ২০৫ জন। এ ছাড়া নারায়ণগঞ্জ এলাকায় ১৯৭টি এবং চট্টগ্রাম এলাকায় ৩৪০টি কারখানার তথ্যও দিয়েছে বিজিএমইএ। তবে এসব এলাকায় কাজ না করে বেরিয়ে যাওয়া শ্রমিকের সংখ্যা আলাদাভাবে উল্লেখ করা হয়নি।

বিজিএমইএর সারসংক্ষেপ অনুযায়ী, সংগঠনটির অধীনে সব মিলিয়ে কারখানা ২ হাজার ১৩৪টি। এর মধ্যে খোলা ছিল ১ হাজার ৮১৬টি। আর এসব কারখানার মধ্যে সোমবার শ্রম অসন্তোষের কারণে বন্ধ হয়ে যায় ৫২৯টি।

শাহরাস্তিতে চুরির মামলায়

হিসেবে রাসেলকে গ্রেপ্তার করা হয়। মামলাটি দণ্ডবিধি, ১৮৬০-এর ৪৫৭ ও ৩৮০ ধারায় করা হয়েছে।

শাহরাস্তি থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমানের দিকনির্দেশনায় উপপরিদর্শক (এসআই) জাকির হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

গ্রেপ্তারের পর প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে পুলিশি পাহারায় তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে বলে পুলিশ জানায়।

চাঁদপুর এলজিইডি ভবন পরিদর্শন

যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান কমিটির আহ্বায়ক এইচ এম ইসমাইল হোসেন পাটওয়ারীসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

আন্দোলনরত শ্রমিকদের কাজে

পোশাক শিল্প খাতের শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণে ছয় সদস্যের আলাদা মজুরি বোর্ড গঠন করেছে সরকার।

শ্রম আইন অনুযায়ী ন্যূনতম মজুরি বোর্ডের চারজনের সঙ্গে তৈরি পোশাক খাতের মালিক ও শ্রমিক পক্ষের একজন করে প্রতিনিধিকে যুক্ত করে ছয় সদস্যের এই বোর্ড গঠন করা হয়েছে। মালিকপক্ষের প্রতিনিধি হিসেবে বোর্ডের সদস্য হয়েছেন তৈরি পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) পরিচালক এবিএম সামছুদ্দিন। আর বাংলাদেশ গার্মেন্টস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক বাবুল আখতার শ্রমিকপক্ষের প্রতিনিধিত্ব করবেন।

শ্রমমন্ত্রী বলেন, যারা মজুরি বোর্ডে সদস্য হয়েছেন, তাদের প্রতি আহ্বান থাকবে, দ্রুততম সময়ের মধ্যে তারা বসবেন, তারাই তো শ্রমিক প্রতিনিধি আছেন, মালিক প্রতিনিধি আছেন, তারাই তো আলোচনা করবেন্ এখন তাদের ওপর। মজুরি বোর্ড গঠনের উদ্যোগ নেওয়ার পরও মড়ক অবরোধ করে আন্দোলনের মধ্যে 'রাজনৈতিক ইন্ধন' দেখছেন আরিফুল হক চৌধুরী। তিনি বলেন, "(বলেছিলাম,) শ্রমিক ভাইয়েরা তোমরা কল কারখানায় থাকো, আমরা রোববার মজুরি বোর্ড গঠন করব। কিন্তু আজকে কী হইল? ওই সংশ্লিষ্ট কয়েকটা মিলে অহেতুক ছুটি ঘোষণা করে দেওয়া হল। "শ্রমিকরা ওই পরিকল্পিতভাবে... তারা কী বলল? যে এখনো ঘোষণা হয় নাই। অথচ এটা আপনাদের মাধ্যমে তাদের নেতৃবৃন্দসহ ঘোষণা দেওয়া হয়েছে। যে আমরা রবিবারেই ঘোষণা দেব। কিন্তু এটা তো আমার মনে হয় ভেরি মাচ ক্লিয়ার যে... কয়েকটি রাজনৈতিক সংগঠন কাজগুলো করতেছে যাতে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি হয়।

মাঠে পুরোদমে সক্রিয় আওয়ামী সফট পাওয়ার

দিগন্ত ডেস্ক

আওয়ামী লীগের সফট পাওয়ার হিসেবে পরিচিত সাংস্কৃতিক সংগঠন, সাংবাদিক ও রাজনৈতিক দলগুলো পুরোদমে মাঠে তৎপর হয়েছে। এমনকি এদের বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিচ্ছেন বিএনপির রাজনৈতিক নেতারা। আওয়ামী লীগের মদতপুষ্ট সাংস্কৃতিক সংগঠন উদীচীর প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দেশজুড়ে কর্মসূচি পালন করছে। সংগঠনটির প্রতিষ্ঠাবার্ষিকীতে শুভেচ্ছা বক্তব্য দিয়েছেন সরকার-নিযুক্ত জুলাই জাদুঘরের মহাপরিচালক।

৫ আগস্ট শেখ হাসিনার পতনের পর উদীচীর অধিকাংশ সংগঠক গা ঢাকা দিলেও বিএনপি সরকার ক্ষমতা গ্রহণের পর তারা ধীরে ধীরে সংগঠিত হতে শুরু করেন। কমিউনিস্ট পার্টির সাংস্কৃতিক সংগঠন হিসেবে পরিচিত হলেও উদীচী মূলত আওয়ামী লীগের একটি সাংস্কৃতিক ফ্রন্ট হিসেবে কাজ করছে।

অপরদিকে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) সাংস্কৃতিক কর্মকাণ্ডের নামে মাঠে তৎপর হয়েছে। গত ২৭ অক্টোবর 'জয় বাংলা' স্লোগান দিয়ে সিপিবি মিছিল শুরু করলে পল্টনে যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা তাতে বাধা দেয়।

সাম্প্রদায়িক সংগঠন হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের নানা কর্মসূচিতে ক্ষমতাসীন দলের নেতাদের অংশগ্রহণ করতে দেখা গেছে। হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাবেক সভাপতি নিমচন্দ্র ভৌমিকের মৃত্যুবার্ষিকীর অনুষ্ঠানে অংশ নিয়ে বিএনপির সংসদ সদস্য ফজলুর রহমান বলেন, 'আমাদের সমাজের পাগুলো উপরে উঠে গেছে, আর মাথাগুলো নিচে পড়ে গেছে। এক সময় ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে জ্ঞানী-গুণী মানুষের জন্ম হতো, অথচ সেই বিশ্ববিদ্যালয় আজ বৃহৎ মাদরাসায় পরিণত হয়েছে।'

কিশোরগঞ্জ-৪ (ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম) আসনের এই সংসদ সদস্য বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ে কীসের লেখাপড়া? এখানে তো কারো ভর্তি হওয়া উচিত না। অমানুষদের একটা জায়গা হয়েছে এটা।'

মুক্তিযুদ্ধকালে এবং ১৫ আগস্ট-পরবর্তী সময়ে ড. নিমচন্দ্র ভৌমিকের সঙ্গে নিজের গভীর সম্পর্কের স্মৃতিচারণ করে ফজলুর রহমান বলেন, আগামী পাঁচ বছর বেঁচে থেকে তিনি দেখে যেতে চান–বাংলাদেশ বাঙালির থাকবে, নাকি স্বাধীনতা বিরোধীদের পাকিস্তানে পরিণত হবে। তিনি বলেন, বাংলা ভাষা, বাঙালি পরিচয় ও আদিবাসী সংস্কৃতি রক্ষা করা না গেলে একাত্তরের বাংলাদেশকে ধরে রাখা সম্ভব হবে না। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী বিজন কান্তি সরকার উপস্থিত ছিলেন।

নিমচন্দ্র ভৌমিককে শেখ হাসিনা সরকার নেপালে রাষ্ট্রদূত নিয়োগ করেছিল। অপেশাদার ও অ-কূটনীতিসুলভ কর্মকাণ্ডের মাধ্যমে তিনি বাংলাদেশের সম্মান ভূলুণ্ঠিত করেন। তার বিরুদ্ধে নেপাল সরকারের পক্ষ থেকে অভিযোগ করা হয়, রাষ্ট্রদূত হিসেবে তার ব্যবহারের জন্য মার্সিডিজ-বেঞ্জ গাড়ি থাকলেও মোটরসাইকেলের পেছনে বসে নিয়মিত ড্যান্সবারে যাতায়াত করে কূটনৈতিক শিষ্টাচার ভঙ্গ করেন।

তিনি কাঠমাণ্ডুতে একজন ভারতীয় কূটনীতিক অপূর্ব শ্রীবাস্তবকে অব্যাহতভাবে উত্যক্ত করেন। একপর্যায়ে ওই মহিলা কূটনীতিকের বাসায় প্রবেশ করতে গিয়ে নিমচন্দ্র ভৌমিক দারোয়ানের বাধার সম্মুখীন হয়ে তার বাসার সামনে গাড়িতে বসে থাকেন।

এছাড়া এই রাষ্ট্রদূতের বিরুদ্ধে বলিউডের চিত্রনায়িকা মনীষা কৈরালার বাড়িতে গিয়ে উপদ্রব করার অভিযোগ পাওয়া গেছে। রাষ্ট্রদূত থাকা অবস্থায় এহেন 'অসভ্য' আচরণের বিরুদ্ধে নেপালের পররাষ্ট্র সচিব ঢাকার পররাষ্ট্র সচিবের কাছে আনুষ্ঠানিক অভিযোগ করেছিলেন। এ নিয়ে তদন্ত কমিটি গঠন করা হয় এবং এসবের সত্যতা পাওয়ায় নেপাল থেকে তাকে দেশে ফিরিয়ে আনা হয়। পরে তার নিয়োগ বাতিল করা হয়।

নিমচন্দ্রের মৃত্যুবার্ষিকীর অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি সারওয়ার আলী বলেন, 'বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ যতটা এগিয়ে গিয়েছিল, দেশ আজ সেখান থেকে অনেক দূরে সরে গেছে।' আওয়ামী ইতিহাস প্রকল্পের অংশ মুক্তিযুদ্ধ জাদুঘরের সংগঠকরা দীর্ঘদিন নীরব থাকলেও সাংবাদিক প্রশিক্ষণসহ নানা কর্মসূচি নিয়ে সামনে আসছেন।

এদিকে দেশের রাষ্ট্রীয় প্রচার মাধ্যমে আওয়ামী লীগের 'বি টিম' হিসেবে পরিচিত সিপিবির নেতারা প্রধান মুখ হিসেবে আলোচনায় অংশ নিচ্ছেন। এই দলের নেতারা শেখ হাসিনার দেড় দশকের শাসনামলে মৌলবাদ দমনের নামে গুম, খুন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডে সমর্থন দিয়েছেন।

সিপিবির নেতারা এখন বাংলাদেশ টেলিভিশনের টকশোতে নিয়মিত আলোচনায় অংশ নিচ্ছেন। বাংলাদেশ টেলিভিশনের দুটো টকশোর অতিথি পর্যালোচনা করে দেখা গেছে, প্রতি সপ্তাহে অন্তত দুটি অনুষ্ঠানে সিপিবির নেতাদের আমন্ত্রণ জানানো হয়।

এছাড়া বেসরকারি টেলিভিশন ও সংবাদপত্রগুলোয় আওয়ামী প্রচারবিদ হিসেবে পরিচিত ব্যক্তিরা নিয়মিত অংশ নিয়ে ফ্যাসিবাদী রাজনীতির পক্ষে বয়ান তৈরি করে যাচ্ছেন। এর মধ্যে অন্তর্বর্তী সরকারের সময় কারাগারে থাকা ব্যক্তিরাও রয়েছেন।

ইরানের হামলায় যুক্তরাষ্ট্রের ২৬ সামরিক ঘাঁটি ক্ষতিগ্রস্ত

দিগন্ত ডেস্ক

মধ্যপ্রাচ্যে ২৬টিরও বেশি মার্কিন সামরিক ঘাঁটি ও স্থাপনায় ইরানের হামলায় কয়েক বিলিয়ন ডলারের সামরিক সরঞ্জাম ও অবকাঠামোর ক্ষয়ক্ষতি হয়েছে। বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেসের (এপি) স্যাটেলাইট চিত্র বিশ্লেষণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের বরাতে উঠে এসেছে এমন তথ্য ।

এপি জানিয়েছে, গত ফেব্রুয়ারি থেকে আগস্ট পর্যন্ত ইরান ও ইরান-সমর্থিত গোষ্ঠীগুলোর দাবি করা ১১৫টির বেশি ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় মার্কিন সামরিক স্থাপনার বিভিন্ন অবকাঠামো ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়েছে।

বিশ্লেষণে দেখা গেছে, ইরান শুরুতে মার্কিন ঘাঁটির আগাম সতর্কতাব্যবস্থা, রাডার ও বিমান প্রতিরক্ষা-সংশ্লিষ্ট সরঞ্জামকে লক্ষ্যবস্তু করে। এসব ব্যবস্থা অকার্যকর করার পর বিমান রাখার হ্যাঙ্গার, গুদাম, সেনাদের আবাসন ও অন্যান্য স্থাপনায় হামলা চালানো হয়।

কুয়েতের আলি আল সালেম বিমানঘাঁটিতে অন্তত ৩০ বার হামলা হয়েছে। এতে অন্তত ১৫টি বিমান রাখার হ্যাঙ্গারসহ একাধিক গুদাম ও ভবন ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়েছে। একই দেশের ক্যাম্প বুয়েরিং ঘাঁটিতেও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সেখানে সেনাদের জিমনেসিয়াম, দোকান, খাবারঘর ও গাড়ি রাখার স্থাপনা হামলার শিকার হয়েছে।

এছাড়া বাহরাইন, ইরাক, জর্ডান, ওমান, কাতার, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতের মার্কিন স্থাপনাগুলোতেও হামলা হয়েছে। সৌদি আরবের প্রিন্স সুলতান বিমানঘাঁটিতে হামলায় মার্কিন ই-৩ সেন্ট্রি নজরদারি বিমান এবং একাধিক উড়োজাহাজ ক্ষতিগ্রস্ত হয়েছে। কংগ্রেসনাল রিসার্চ সার্ভিসের এক প্রতিবেদনে ওই অঞ্চলে ১৫টি মার্কিন সামরিক উড়োজাহাজ ক্ষতিগ্রস্ত হওয়ার কথা বলা হয়েছে।

এপির বিশ্লেষণ অনুযায়ী, ইরানের হামলায় মার্কিন বাহিনীর আগাম সতর্কতা ও আকাশ প্রতিরক্ষাব্যবস্থা উল্লেখযোগ্যভাবে দুর্বল হয়েছে। ক্ষয়ক্ষতির কারণে যুক্তরাষ্ট্র পারস্য উপসাগরীয় অঞ্চল থেকে বহু বিমান, আকাশ প্রতিরক্ষাব্যবস্থা ও যোগাযোগ সরঞ্জাম সরিয়ে নিয়েছে বলেও জানিয়েছেন আঞ্চলিক কর্মকর্তারা।

তবে মার্কিন প্রতিরক্ষা দপ্তর বলেছে, মধ্যপ্রাচ্যে তাদের সেনা ও সামরিক ঘাঁটিগুলো সুরক্ষিত রয়েছে এবং প্রয়োজনীয় সক্ষমতা বজায় আছে।

বিশ্লেষকদের মতে, সস্তা ড্রোন ও ক্ষেপণাস্ত্রের ব্যাপক ব্যবহারের ফলে স্থায়ী সামরিক ঘাঁটিগুলো এখন বড় ধরনের ঝুঁকির মুখে। র‌্যান্ড করপোরেশনের বিশ্লেষক রাফায়েল কোহেনের মতে, ভবিষ্যতের যুদ্ধে এ ধরনের হামলা মোকাবিলা করা যুক্তরাষ্ট্রের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে উঠবে।

বিশেষজ্ঞদের আশঙ্কা, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আবার সংঘাত শুরু হলে মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক স্থাপনাগুলো আরও বড় ক্ষয়ক্ষতির মুখে পড়তে পারে। ফলে যুদ্ধ শেষে ওই অঞ্চলে আগের মতো সামরিক উপস্থিতি পুনর্গঠন করবে কি না, তা নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছে।





চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

CHANDPUR AL-AMIN HOSPITAL

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল: ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক),বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী,প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান